SOUVENIR


Pre-150th Birth Anniversary of Swami Vivekananda






Souvenir

Pre-150th Birth Anniversary of Swami Vivekananda



Ramakrishna Mission Institute of Culture
Gol Park, Kolkata - 700 029

Published by
Swami Sarvabhutananda
Secretary
Ramakrishna Mission Institute of Culture
Gol Park, Kolkata-700 029

First Published : November 2011

Printed at :

Trio Process
Kolkata - 700 014

Rs. 10

PHONES PBX : (033)
2654-1144 2654-5700
2654-1180 2654-5701
2654-5391 2654-5702
2654-9581 2654-5703
2654-9681 2654-8494
FAX : 033-2654-4071
E-Mail : president@rkmpresident.org
office@rkmpresident.org



RAMAKRISHNA MATH
P.O. BELUR MATH, DIST. HOWRAH
WEST BENGAL : 711 202
INDIA

Sri Ramakrishna Sharanam!

MESSAGE

November 1, 2011

I am extremely happy to know that our Ramakrishna Mission Institute of Culture, Gol Park, will be organising a youth conference on 27th November, 2011.

Youth is the most important part in an individual's life, as the decisions made here shape the rest of one's destiny. It is exactly at this age that one should try the utmost to mould one's character.


"Men! Men! These are wanted; everything else will be ready, but strong, vigorous, believing young men, sincere to the backbone are wanted." This exhortation of Swamiji should be taken as an individual call to all youth.

We will be paying Swamiji the best tribute if we can mould our lives in such a way so as to make ourselves worthy instruments of him and his work.

I wish the conference success and pray that the youth attending it imbibe some of Swamiji's bold and fearless spirit.

(Swami Atmasthananda)
President
Ramakrishna Math &
Ramakrishna Mission

Phones PBX :
(033) 2257-0213
(033) 2257-0214
Telefax : (033) 2257-1182
e-mai : rkmsh.org@gmail.com



RAMAKRISHNA MISSION
SWAMI VIVEKANANDA'S ANCESTRAL HOUSE
& CULTURAL CENTRE
3, GOUR MOHAN MUKHERJEE STREET
KOLKATA 700 006

MESSAGE

I am extremely happy to know that our Ramakrishna Mission Institute of Culture, Gol Park, Kolkata 700029, is going to bring out a special Souvenir containing the invigorating message of Swami Vivekananda, on the occasion of the Central Youth Conference to be organized by the Institute on 27th November 2011, where 1500 youth from different districts of West Bengal will be exposed to the life-building, character making message of Swami Vivekananda.

Swami Vivekananda is well known as the Patriot-Saint of India, representing India's glorious heritage, hopes and aspirations. He is the ideal for the youth as indicated by the Government of India declaring unanimously in the year 1984 that his birthday, 12th January, would be observed as the National Youth Day. Swami Vivekananda had immense hopes on the youth of India even when India was a slave nation. He was wont to say, "My hope lies in the youth of India". A person of immense purity of character, of tremendous presence of mind, of that keen intellect which understood the past, present and future of India to be able to inspire the youth to shape the future India of his vision, of such a loving heart that felt for the pangs of the sunken masses of India, of such immensity of faith in oneself and fearlessness, of indomitable energy, of an irresistible personality which made people who had a look at his face follow a pair of eyes, cast an immense impact on the peoples of India and the West alike, though he did not live to see forty.

People would walk by on the streets of Western lands and, seeing a poster of Swami Vivekananda, stop to raise their hats in salutation of this messiah from the East. Even today, the life and teachings of Swami Vivekananda are looked upon by the West as a "Gift unopened". They had never come across such a package which rolls out an endless message of hope and inspiration for a sunken soul, for a soul traditionally taught to look upon itself as a sinner. The intelligentsia of the West made the poignant observation that it was required of India to send missionaries to the Western lands and not vice versa. "And we send missionaries to India!", was the remark expressed with great regret. The

UNESCO in its deliberations comes forth with resolutions having a strong overtone of the message of Swami Vivekananda, as many might be aware.

It was Swami Vivekananda's clarion call that awoke the slumbering Indian masses to regain faith in our national spiritual tradition without blindly aping the West, and to dedicate themselves for regaining the freedom of the country. As Chakravarty Sri Rajagopalachari, the astute national leader who was the first Governor General of India after India's Independence, rightly observed, "But for him we would have lost our religion and would not have gained our freedom. We therefore owe everything to Swami Vivekananda". Swami Vivekananda was the inspiration that made freedom fighters sacrifice even their lives at the altar of the motherland. Every freedom fighter and Indian history has acknowledged this. Said Subhash Chandra Bose: "If Swamiji had been alive today, he would have been my Guru, that is to say, I would have accepted him as my Master. It is needless to add, however, that as long as I live, I shall be absolutely loyal and devoted to Ramakrishna-Vivekananda. ... The foundation of the present freedom movement owes its origin to Swamiji's message."

Swami Vivekananda highlighted the national ideals of India to be "renunciation and service". Today we have several institutions and youth, all over the land, taking pride in rendering service to the masses in as much measure as they can. There is not a cry for help that the youth have not responded to. This can be traced to Swami Vivekananda's inspiration. Even the recent call for morality and ethics in Indian National Life is an echo of Swami Vivekananda's observation of the greatness of the Indian nation which we are frantically trying to regain.

As rightly observed by Mahatma Gandhiji on the soil of Belur Math, "I have come to Belur Math to pay my homage and respect to the revered memory of Swami Vivekananda.... I have gone through his works very thoroughly, and after having gone through them, the love that I had for my country became a thousand-fold. I ask you, young men, not to go away empty-handed without imbibing something of the spirit of the place where Swami Vivekananda lived and died."

Pandit Jawaharlal Nehru also paid rich encomiums: "He was a fine figure of a man, imposing, full of poise and dignity, sure of himself and his mission, and at the same time full of a dynamic and fiery energy and a passion to push India forward. He came as a tonic to the depressed and demoralised Hindu mind and gave it self-reliance and some roots in the past. ... What Swamiji has written and said is of interest and must interest us and is likely to influence us for a long time to come. He was ..., I think, one of the great founders ... of the national modern movement in India, and a great number of people who took more or less an active part in that movement in a later date drew their inspiration from Swami

Vivekananda. Directly or indirectly he has powerfully influenced the India of today. And I think that our younger generation will take advantage of this fountain of wisdom, of spirit and fire, that flows through Swami Vivekananda."

The great Nobel Laurate Rabindranath Tagore said to the French Savant Romain Rolland "If you want to know India study Vivekananda; in him everything is positive and nothing negative". And Romain Rolland observed: "His words are great music, phrases in the style of Beethoven,. stirring rhythms like the march of Handel choruses. I cannot touch these sayings of his, scattered as they are through the pages of books at thirty years' distance, without receiving a thrill through my body like an electric shock. And what shocks, what transports must have been produced when in burning words they issued from the lips of the hero!"


So many eloquent tributes paid to a person given limited years of mortal existence requires every thinking Indian to study his life and teachings. As wisely put, "Some books are meant to be read and set aside. However, some books are to be read, chewed and digested". Swamiji's works fall under this latter category.

On this wonderful occasion, we earnestly pray that the youth assimilate the spirit of Swami Vivekananda and do good to themselves, to their families, to the country and to the world at large.

2/11/2011

(Swami Shivamayananda)
Secretary





Contents

ভারত–আত্মার মূর্ত বিগ্রহ : স্বামী বিবেকানন্দ*

ছাত্রাবস্থা হইতেই আমি স্বামী বিবেকানন্দের বক্তৃতাবলী, চিঠিপত্রাদি, প্রবন্ধ-কাব্যাদি, জনসাধারণের সহিত তাঁহার কথোপকথন, তাঁহার প্রসঙ্গে মহত্তম দেশনায়কের উক্তিসকল প্রভৃতির মাধ্যমে উদ্ভাসিত তাঁহার ব্যক্তিত্বে গভীরভাবে অভিভূত হই। পণ্ডিত মতিলাল নেহরু ও মৌলানা মহম্মদ আলীকে সফর-সঙ্গী করিয়া বাপু (মহাত্মা গান্ধী) স্বামী বিবেকানন্দের জন্মতিথি ৬ ফেব্রুয়ারি ১৯২১ খ্রিস্টাব্দে বেলুড় মঠে আসেন। বাপু বলিয়াছিলেন—'স্বামী বিবেকানন্দের পুণ্য স্মৃতির প্রতি আমার অন্তরের শ্রদ্ধা ও সম্মান জ্ঞাপনার্থে আমি এই স্থলে আসিয়াছি। তাঁহার রচনাসকল আমি পুঙ্খানুপুঙ্খরূপে পাঠ করিয়াছি এবং উহার পরে আমার স্বদেশপ্রেম সহস্রধারা হইয়াছে।' লোকমান্য বালগঙ্গাধর তিলক—যাঁহার সহিত স্বামী বিবেকানন্দ পুনাতে দশদিন একত্রে অতিবাহিত করেন—তিনি তাঁহার (স্বামীজীর), এই যুবা অতিথির বর্ণময় জ্ঞান ও বিদ্যাবত্তায় চমৎকৃত হইয়াছিলেন এবং তাঁহার সুগভীর আধ্যাত্মিকতায় বিশেষভাবে অনুভাবিত হইয়াছিলেন। গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের কথায়—'যদি তুমি ভারতবর্ষকে জানিতে চাও, বিবেকানন্দ অধ্যয়ন করো। তাঁহাতে সমস্ত কিছুই অস্ত্যর্থক (ইতিবাচক)। ...বিবেকানন্দের উপাখ্যান মানুষের পূর্ণ জাগৃতির নির্দেশ এবং এই কারণেই ইহা আমাদের যুবাগণকে কর্ম ও আত্মত্যাগের মাধ্যমে মুক্তির বিভিন্ন পথে অনুপ্রাণিত করিয়াছে।'

এই স্থলে আমি স্মরণ করিতে চাই স্বামী বিবেকানন্দ প্রসঙ্গে জওহরলাল নেহরুর ধ্যানধারণাসকল, যাহার বিশেষ আকর্ষণ রহিয়াছে। তিনি বলিয়াছিলেন—'তিনি যখন দেহত্যাগ করেন, আমি তখন শিশু নই। কিন্তু আমি তাঁহাকে দেখিতে পাই নাই, কেননা তৎসময়ে আমি ইংলন্ডে অধ্যয়নরত ছিলাম। কিন্তু তিনি যাহা-কিছুই বলিয়াছেন বা লিখিয়াছেন, আমি পড়িয়াছি... আমি আপনাদের বলি সেই সকল আপনারা আবশ্যিকরূপে পাঠ করুন। পাঠ সমাপ্তিতে নিজ অন্তরে তাহার বিচার-বিশ্লেষণ করুন...। তাঁহার প্রতিটি শব্দে বহ্নিশিখা... তাঁহার হৃদয়ে ছিল অগ্নি—বৃহৎ ব্যক্তিত্বের অগ্নি...। তাঁহার

---

* স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক শিকাগো বক্তৃতার শতবর্ষ-পূর্তি উদ্‌যাপন উপলক্ষে ১৯৯৩ খ্রিস্টাব্দের ১৯ সেপ্টেম্বর কলকাতায় নেতাজী ইনডোর স্টেডিয়ামে আয়োজিত অনুষ্ঠানে ভারতের তদানীন্তন মহামান্য রাষ্ট্রপতি ডঃ শঙ্কর দয়াল শর্মা-কর্তৃক প্রদত্ত অভিভাষণ।

ইংরেজি ভাষায় প্রদত্ত মূল ভাষণের এটি বাংলা রূপান্তর।

উচ্চারিত প্রতিটি শব্দের মধ্যে তাঁহার হৃদয় ও আত্মা সমর্পিত...। আমার প্রজন্মের অনেক ব্যক্তিই তাঁহার দ্বারা গভীরভাবে প্রভাবিত হইয়াছিলেন...। আমার ভাবনায় তিনি ভারতবর্ষের অধুনাতন জাতীয় আন্দোলনের অন্যতম মহান প্রতিষ্ঠাতা এবং এই আন্দোলনে সক্রিয় অংশগ্রহণকারী বহু ব্যক্তির প্রেরণাস্বরূপ। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আজিকার ভারতবর্ষ তাঁহার পরাক্রান্ত প্রভাবে প্রভাবিত রহিয়াছে। আমি মনে করি তরুণ প্রজন্ম স্বামীজীর মধ্য দিয়া প্রবাহিত এই জ্ঞান, আত্মশক্তি ও অগ্নি নির্ঝরের অনুকূল উপযোগ করিবে।'

সেপ্টেম্বর ১৮৯৩ খ্রিস্টাব্দে শিকাগো বিশ্বধর্মসম্মেলনে স্বামী বিবেকানন্দের বক্তৃতাবলীর স্মরণে... এই সম্মেলন আয়োজিত হইয়াছে। ঐ জনসমারোহে তাঁহার অংশগ্রহণকে —তিনি সামগ্রিকভাবে যে কার্য লইয়া তথায় যাত্রা করিয়াছিলেন—তাহা অপেক্ষা অনেকাংশে বৃহত্তর প্রেক্ষাপটে বিবেচনা করিতে হইবে। তাঁহার ভাবনায় ছিল মনুষ্যজীবনের বহুবিধ পারস্পরিক সম্পর্কযুক্ত ক্ষেত্রাদিতে সর্বাত্মকরূপে আমূল ও ইতিবাচক পরিবর্তনের জন্য দৃঢ়সংকল্পিত ও সমন্বিত এক কার্যধারার প্রস্তাবনা। এই মহত্তম কার্য সম্পাদনার্থে তাঁহার অন্তরে ছিল তীব্র লক্ষ্যসাধিকা সংকল্প ও উদ্দীপনার বহ্নি। তিনি বলিয়া উঠিয়াছিলেন : আমি প্রচণ্ড শক্তি অনুভব করিতেছি—মনে হয় যেন আমি প্রবল তেজে জ্বলিয়া উঠিব। আমার মধ্যে অজস্র শক্তি রহিয়াছে। আমার মনে হয়, আমি সারা বিশ্বে বিপ্লব আনয়ন করিতে পারি!

আমাদের নিকট, সমগ্র বিশ্বের নিকট ইহা সুবিদিত যে, শিকাগো শহরে বিশ্বধর্মসম্মেলনে তাঁহার ব্যক্তিত্বের প্রভাব, তাঁহার বর্ণময় ও দীপ্তোজ্জ্বল ভাষার সৌন্দর্য শ্রোতৃমণ্ডলীকে আবিষ্ট করিয়া রাখিয়াছিল। সংবাদপত্র এবং তাহার ব্যবস্থার মাধ্যমে পাশ্চাত্যে তাঁহার চাঞ্চল্যকর অবদান–সংবাদ দেশে দেশে পরিব্যাপ্ত হইয়াছিল। ঐ ঐতিহাসিক জনসম্মেলনে অন্যান্যদের সহিত ডক্টর অ্যানি বেসান্তও মুগ্ধ হইয়া স্বামী বিবেকানন্দের ভাষণ শুনিয়াছিলেন। উক্ত অভিজ্ঞতার কথা বর্ণনা করিয়া ডক্টর বেসান্ত বলিতেছেন—'পরমানন্দিত জনতা তাঁহার উচ্চারিত শব্দাবলীর সহিত একাত্মবোধ করিতেছিল; যেন একটি শব্দাংশও হারাইয়া না যায়, একটি ছন্দও মিলাইয়া না যায়! ...বক্তৃতাশেষে জনৈক শ্রোতাকে বলিতে শোনা যায়, "আর আমরা কিনা উঁহার দেশে ধর্মযাজক প্রেরণ করি! যথার্থ হইত যদি উঁহারা আমাদের দেশে ধর্মযাজক প্রেরণ করিতেন।"'

স্বামী বিবেকানন্দের ভাষণে ধ্বনিত হইয়াছিল ভারতবর্ষের সুপ্রাচীন জ্ঞান ও অন্তর্দৃষ্টি, ভারতের চিরন্তনী একতার দর্শন—যাহার মধ্যে পরম সত্য উপলব্ধির পথে যুক্তিনির্ভর বা স্বজ্ঞালব্ধ যে–কোনও পন্থাই সম্মানিত ও সমন্বিত হইয়া আছে।

স্বামী বিবেকানন্দের কণ্ঠে ঋগ্বেদের শ্লোক উচ্চারিত হইয়াছিল—

'একং সদ্ বিপ্রাঃ বহুধা বদন্তি'। সত্য এক, বিদ্বজ্জনেরা তাহার বিবিধ নামকরণ করিয়া থাকেন। 'বিষ্ণু সহস্রনাম'–এর এক ধ্বনিময় উপলব্ধি কণ্ঠে অনুরণিত হয়—

আকাশাৎ পতিতং তোয়ং যথা গচ্ছতি সাগরম্।
সর্বদেবনমস্কারঃ কেশবং প্রতি গচ্ছতি।।

(আকাশ হইতে পতিত বারিসমূহ যেমন সমুদ্রে গমন করে, তদ্রূপ সকল দেবতার প্রতি যে নমস্কার, তাহাও শ্রীকৃষ্ণের প্রতি গমন করে।)

শ্রীমদ্ভগবদ্গীতার চতুর্দশ অধ্যায়ের একাদশ শ্লোকের দ্ব্যর্থহীন অনন্যপরতা তিনি বর্ণনা করেন—

যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্।
মম বর্ত্মানুবর্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্বশঃ ।।

(যিনি যে-প্রকারে আমার উপাসনা করেন, আমি তাঁহাকে সেই ফলপ্রদান দ্বারাই অনুগৃহীত করি। হে পার্থ, বর্ণাশ্রমাদি ধর্মনিষ্ঠ মনুষ্যগণ সকল প্রকারে আমার পথের অনুসরণ করেন।)

তিনি সগর্বে উল্লেখ করিয়াছিলেন—'আমরা শুধু সকল ধর্মকে সহ্য করি না, সকল ধর্মকেই আমরা সত্য বলিয়া বিশ্বাস করি।'

শত শত বর্ষ ধরিয়া আমাদের দেশের দ্রষ্টাগণের দর্শনে, মননে, সাধারণ মানুষের প্রার্থনায়, দেশাত্মবোধক সঙ্গীতে এই ভাবেরই প্রকাশ ঘটিয়াছে। এই ভাবেরই অনুপ্রেরণায় ভারতবর্ষের মানুষ সমগ্র বিশ্বের সকল মহান ধর্মগুলিকে আপনার করিয়া, সম্মানের সহিত এই দেশে আশ্রয় দিয়াছে। স্বামী বিবেকানন্দও সকলপ্রকার সাম্প্রদায়িকতা, গোঁড়ামি এবং অন্ধসংস্কারের বিরুদ্ধে তীব্র বক্তব্য পেশ করিয়াছিলেন। তিনি আশা ব্যক্ত করিয়াছিলেন যে, এই সঙ্কীর্ণ, নিষ্ফল এবং ভ্রমাত্মক আবেগসকল এককালে অবলুপ্ত হইবে। তাঁহার বক্তব্যের প্রতিটি শব্দ আমাদের স্মরণ-মনন করিতে হইবে। পরবর্তী বক্তৃতাবলীতে—১৫ সেপ্টেম্বর ১৮৯৩, তিনি সঙ্কীর্ণতার কারণসকল নির্দেশ করিয়াছিলেন; ১৯ সেপ্টেম্বর ১৮৯৩ তারিখের ভাষণে তিনি বৈদিক ও বৈদান্তিক চিন্তারাশির প্রধান সূত্রসমূহ ও ক্রমাবনমনের কথা আলোচনা করিয়াছেন। একই সঙ্গে ঐদিন তিনি ধর্মের বৈশিষ্ট্যগুলির সংজ্ঞা আলোচনা করেন—তাঁহার মতে, যাহার সমগ্র কর্মপরিধি, সমগ্র শক্তি মানবজাতিকে উহার সত্যস্বরূপ উপলব্ধি করাইতে সাহায্য করিবার পথেই কেন্দ্রীভূত হইবে। ২৬ সেপ্টেম্বর ১৮৯৩ তারিখে স্বামী বিবেকানন্দ বৌদ্ধধর্ম ও ব্রাহ্মণ্যধর্মের পারস্পরিক সম্বন্ধ বিষয়ে অসাধারণ পাণ্ডিত্যপূর্ণ বক্তব্য রাখেন। ২৭ সেপ্টেম্বর ১৮৯৩ তারিখে স্বামীজীর কণ্ঠে অতঃপর ধ্বনিত হয় এই বাণী : 'বিবাদ নয়, সহায়তা; বিনাশ নয়, পরস্পরের ভাবগ্রহণ; মতবিরোধ নয়, সমন্বয় ও শান্তি।' — এই বাণীই প্রতিটি ধর্মসম্প্রদায়েরই চূড়ান্ত ও অভ্রান্ত স্বরূপ।

আমি মনে করি, সকল ধর্মের মধ্যে অন্তর্নিহিত একতার যে তত্ত্ব স্বামী বিবেকানন্দ আলোচনা করিয়াছিলেন তাহা আমাদের প্রত্যেককে সম্পূর্ণরূপে বুঝিতে হইবে। বাস্তবিকপক্ষে, বিভিন্ন ধর্মের মধ্যে বিধৃত চিন্তার অভিন্নতা, নৈতিক ও আদর্শগত নিত্যপালনীয়গুলির একত্ব প্রভৃতি বিষয়গুলির ব্যাখ্যা, উপলব্ধি ও আত্মীকরণ প্রয়োজন। উদাহরণস্বরূপ বলা যায় যে, প্রতিটি ধর্মই 'সেবা'-র গুরুত্ব বিশেষ জোরের সহিত প্রচার করিয়াছে। বলা হইতেছে—

'সর্বশাস্ত্রপুরাণেষু ব্যাসস্য বচনং ধ্রুবং
পরোপকারস্তু পুণ্যায় পাপায় পরপীড়নম্।'

(সকল শাস্ত্র-পুরাণাদির মধ্যে ব্যাস-উক্ত বাক্যই পরম সত্য—পরহিত সাধনে পুণ্য সঞ্চিত হয় এবং পরহানি সাধনে পাপ বর্ধিত হয়।)

এই বাক্যটি খ্রিস্টধর্মের অনুশাসনের সহিত তুলনীয় : 'হে মানব, তোমার পরিজনবর্গকে সেবা করিলে তুমি আমার সেবা করিবে', অথবা ইসলামের সাবধান-বাণীর সহিত তুলনীয় : 'শুধুমাত্র ধর্মাবলম্বন নহে, সৎকার্য ও পরসেবাই সত্য প্রার্থনা।'

এই প্রকারে আমরা বহু উদাহরণ-সহযোগে পৃথক পৃথক ধর্মমতের এই তত্ত্বসকল সংকলিত

করিয়া তাহাদের অন্তর্নিহিত একত্ব বুঝিবার চেষ্টা করিতে পারি এবং তাহা করা প্রয়োজন।

শিকাগো ধর্মমহাসম্মেলনের এক সপ্তাহ পূর্বে ৪ সেপ্টেম্বর ১৮৯৩ তারিখে লিখিত এক কবিতায় স্বামীজী বলিতেছেন—

প্রাচীন ঋষির তুমি ভগবান,
সকল মতের তিনি চিরন্তন উৎস
বেদ, বাইবেল আর কোরান গাইছে
তোমারি নাম উচ্চকণ্ঠে—সমস্বরে।

স্বামী বিবেকানন্দ মহান ধর্মমতগুলির ঐকাত্ম্য (ঐক্যবোধ) ও সমন্বয়ী ধারার প্রতি মনোযোগ আকর্ষণ করিবার চেষ্টা সর্বদা করিয়াছিলেন। তিনি বলিয়াছেন—আমার পরিকল্পনা হইতেছে সর্বপ্রথম আমাদের শাস্ত্রে ও কয়েকজনের অধিকারে আধ্যাত্মিকতার যে বীজ সংগোপনে সংরক্ষিত আছে তাহা বাহির করিয়া লইয়া আসা। বিশাল জ্ঞানভাণ্ডার তাহাদের হস্ত হইতে লইয়া আসা...। এক কথায় আমি সেইগুলিকে সাধারণ্যে প্রচার করিয়া জনপ্রিয় করিয়া তুলিতে চাই। আমি এই সকল ধ্যানধারণাগুলিকে জনসমক্ষে লইয়া আসিতে চাই যাহাতে এইগুলি সর্বসাধারণের সম্পদ হইয়া উঠিতে পারে।

ইহার পাশাপাশি তিনি ধর্মের অত্যাবশ্যকীয় বিষয় প্রসঙ্গে নিজ-মত ব্যক্ত করিয়াছিলেন। তিনি বলিয়াছেন—'ধর্ম মানে শাস্ত্রপাঠ, তত্ত্বকথা কিংবা মতবাদ নয়..., ধর্ম মানে (আদর্শস্বরূপ) "হওয়ার চেষ্টা করা" এবং "হয়ে যাওয়া"...।'

আমি মনে করি, স্বামী বিবেকানন্দ কেবল শাস্ত্রনির্ধারিত ধর্মের সীমানাবদ্ধ একজন আদর্শবাদী দ্রষ্টা হইতে মহত্তর এক ব্যক্তিত্ব ছিলেন। বিশ্বের সর্বাপেক্ষা জটিল সমস্যাসমূহের সম্ভাব্য ও কার্যকরী সমাধান সাধনপূর্বক এক নূতন বিশ্ব গঠনে তাঁহার সমগ্র চিন্তা উৎসর্গীকৃত ছিল। ভারতবর্ষের চরম দারিদ্র, রোগক্লিষ্টতা, অনগ্রসরতা, জনচিত্তের শোচনীয় হীনমন্যতা, স্ত্রীজাতির লজ্জাকর পরিস্থিতি —এই সকল সমস্যার সম্বন্ধে তিনি পূর্ণমাত্রায় সচেতন ছিলেন এবং উক্ত সমস্যাবলী দূরীকরণার্থে ব্যাপক প্রচেষ্টার কার্যসূচী গ্রহণ করিবার প্রয়োজনীয়তার কথাও তাঁহার চেতনা অধিকার করিয়াছিল। একবার তিনি বলিয়াছিলেন—'ক্ষুধার্ত মানুষকে ধর্মের কথা শোনানো বা দর্শনশাস্ত্র শেখানো, তাঁহাকে অপমান করা।' 'আমাদের এমন এক ধর্মের প্রয়োজন যাহা আমাদের আত্মবিশ্বাস জাগাইবে, স্বাজাত্যাভিমান জাগাইবে, জনগণের শিক্ষার ও ভরণপোষণের শক্তি দিবে এবং চারিদিকের দুঃখকষ্ট মোচন করিবে। জাতিকে তাহার স্বাতন্ত্র্য ফিরাইয়া দিতে হইবে, জনসাধারণকে তুলিতে হইবে।'

উদ্দীপ্ত, অনুপ্রাণিত বিবেকানন্দ বলিতেন : ওঠো, জাগো আর ঘুমাইও না; লক্ষ্যে পৌঁছানোর আগে থামিও না। তোমাদের প্রত্যেকের ভিতরে সকল অভাব ও দুঃখ দূর করিবার শক্তি রহিয়াছে। ইহা বিশ্বাস করো আর সেই শক্তি দৃশ্যমান হইবে।

প্রায়শই তিনি শিখধর্মের লোকপ্রিয় বাণীটির উল্লেখ করিতেন—

সওয়া লাখ পর এক চড়াঁউ
জয় গুরু গোবিন্দ নাম সুনাঁউ ।।

শিক্ষার যথার্থ প্রকৃতি সম্বন্ধে ও ভারতবর্ষে তাহার প্রয়োজনীয়তা সম্বন্ধে স্বামী বিবেকানন্দ অত্যাধুনিক ও সুসঙ্গত পর্যালোচনা করিয়াছিলেন। 'শিক্ষা দাও, শিক্ষা দাও। নান্যঃ পন্থাঃ বিদ্যতে অয়নায়—ইহা ছাড়া পথ নাই।'—তিনি বলিয়াছিলেন। তিনি বলিতেন, 'কোনও জাতি সেই-অনুপাতে অগ্রসর, যে-অনুপাতে শিক্ষা ও

বুদ্ধিবৃত্তির বিস্তার তাহার জনসাধারণের মধ্যে ঘটিয়াছে।' শিক্ষার উল্লেখনীয় স্বচ্ছ এবং অর্থবহ এই সংজ্ঞা তিনি নির্দেশ করিয়াছিলেন—'বিদ্যাশিক্ষা কাকে বলি? বই পড়া?—না। নানাবিধ জ্ঞানার্জন?—তা-ও নয়। যে শিক্ষার দ্বারা এই ইচ্ছাশক্তির বেগ ও স্ফূর্তি নিজের আয়ত্তাধীন ও সফলকাম হয়, তাহাই শিক্ষা।' অপর এক সময়ে তিনি বলিয়াছিলেন, 'যাতে Character form (চরিত্র গঠন) হয়, মনের শক্তি বাড়ে, বুদ্ধির বিকাশ হয়, নিজের পায়ে নিজে দাঁড়াতে পারে, এইরকম শিক্ষা চাই।' ভারতবর্ষে শিক্ষার প্রয়োজনীয়তা প্রসঙ্গে এক প্রশ্নের উত্তরে ঐ বিষয়ে স্বামী বিবেকানন্দের বাস্তবানুগ ও বস্তুনিষ্ঠ চিন্তাধারাটি পুনরায় প্রতিফলিত হয়।

'স্বাধীনভাবে স্বদেশী বিদ্যার সঙ্গে ইংরেজি আর science পড়ানো চাই; technical education, চাই যাতে industry বাড়ে; লোকে চাকরি না করে দু-পয়সা করে খেতে পারে।'

সযত্নে সংরক্ষিত তাঁহার এই সকল কথাগুলি পাঠ করিলে সত্যই বিস্মিত হইতে হয় যে, প্রায় শতাধিক বর্ষ পূর্বে এই কথাগুলি উচ্চারিত হইয়াছিল এবং তাহাও এক সন্ন্যাসীর কণ্ঠে।

স্ত্রীজাতির অবস্থার উন্নতি ঘটাইবার জন্য এবং জাতিভেদপ্রথা অপসারণ করিবার জন্য স্বামী বিবেকানন্দের বক্তব্যরাশিও সমভাবে প্রণিধানযোগ্য। স্ত্রীজাতির উন্নতি, জনসাধারণের জাগরণ সর্বপ্রথমে আনিতে হইবে। কেবল তাহা হইলেই দেশের জন্য, ভারতের জন্য প্রকৃত হিত সাধিত হইবে।

'যত্র নার্যস্তু পূজ্যন্তে রমন্তে তত্র দেবতাঃ'—তিনি বলিতেন। অর্থাৎ যে-স্থলে নারীর সম্মান রহিয়াছে তথায় দেবতাগণ আনন্দিত থাকেন।

স্বামী বিবেকানন্দের অত্যুচ্চ আধ্যাত্মিক, বৌদ্ধিক ও বাস্তবানুগ চিন্তাভাবনার পর্যালোচনাকালে আমাদের দেশের বর্তমান পরিস্থিতি, প্রধান প্রধান সমস্যাবলী ও সম্ভাবনারাশি প্রভৃতির এক মূল্যায়ন করিতে হয়। এই সঙ্গেই দেশের নানা জটিল সমস্যাদির সমাধান প্রসঙ্গে স্বামী বিবেকানন্দের অভিজ্ঞতার প্রত্যক্ষ প্রাসঙ্গিকতার বিষয়টিও আসিয়া পড়ে।

আজিকার দিনে দেশের সামগ্রিক পরিস্থিতি বিচার করিলে আমরা কী দেখিতে পাই? সারা বিশ্ব অগ্রগতির পথে এবং সেইসঙ্গে আন্তর্দেশিক সম্পর্কের মধ্যে সূক্ষ্মভাবে অতি গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটিয়া চলিয়াছে। উন্নয়ন, পুনর্গঠন এবং পরিবর্তনের বিভিন্ন অবস্থাগুলি প্রকাশ হইতেছে। এশিয়ার পুনর্জাগরণ হইবার ফলে পশ্চিমী দেশগুলি, ইউরোপীয় মহাদেশ, এশিয়া ও আফ্রিকার মধ্যে নূতনভাবে শক্তির সামঞ্জস্য সাধন করা হইতেছে। ভারতবর্ষকেও নিজ-ক্ষমতার সদ্ব্যবহার করিয়া অগ্রগতির পথে যাইতে হইবে। সংকীর্ণ চিন্তার ফলে এবং একতা ও সমন্বয়ের উপযোগিতা সকলকে উপলব্ধি করাইবার অক্ষমতাপ্রসূত মহাপ্রলয়ের পঙ্কে আমরা পড়িতে পারি না।

সাম্প্রদায়িক মনোভাব আমাদের দেশের প্রধান প্রধান সমস্যাগুলির মধ্যে একটি। যে-স্থলেই এই মনোভাব রহিয়াছে সেই-স্থলেই ইহার বিষবৎ কুপ্রভাবে অগ্রগতির পথ রুদ্ধ হইতেছে এবং অন্যান্য বহুবিধ ব্যাধি সৃষ্ট ও পরিপুষ্ট হইতেছে।

এই সাম্প্রদায়িক মনোভাব কোনও ধর্মের নীতিতে বা আদর্শে কখনও সমর্থিত হয় নাই। প্রতিটি ধর্মই প্রকৃতপক্ষে একতা, সমন্বয়,

পারস্পরিক সমঝোতা ও সহযোগিতা প্রচার করিয়া থাকে। সাম্প্রদায়িক মনোভাবের দ্বারা আমাদের দেশে কেহ কোনওকালে উপকৃত হয় নাই—এমনকী যাহারা ভ্রান্তপথে চালিত হইয়া ইহার সাহায্যে নিজের উপকার সাধনের চেষ্টা করিয়াছে—তাহারাও হয় নাই।

সাম্প্রদায়িকতা ভারতবর্ষের পক্ষে সর্বনাশের হেতুস্বরূপ—ইহা ভারতবিরোধী, প্রগতিবিরোধী শক্তিসমূহের নিকট জীবনপ্রদ। এই কথা আমাদের উপলব্ধি করিতে হইবে যে, এই সমস্যার সমাধান-সূত্র আমাদের দেশের মানুষের নিকটই রহিয়াছে, তাহাদের নেতাগণের নিকটই রহিয়াছে। নিজ হৃদয়কে সাম্প্রদায়িক ভাবনামুক্ত, সাম্প্রদায়িক বাক্য ও কর্মমুক্ত রাখিতে পারিলে এবং সাম্প্রদায়িক মনোভাবাপন্ন সকল কিছুকে দৃঢ়তার সহিত প্রতিহত করিতে পারিলে সম্পূর্ণভাবে সাম্প্রদায়িকতার দূরীকরণ সম্ভব।

ভারতবর্ষকে যদি মানবজীবনের উচ্চতম নৈতিক মূল্যবোধের প্রতি, তাহার নিজস্ব সাংস্কৃতিক ও আধ্যাত্মিক অপূর্ব উত্তরাধিকারের প্রতি বিশ্বস্ত থাকিয়া, নিজের অন্তর্নিহিত শক্তির পূর্ণ সদ্ব্যবহারের মাধ্যমে শক্তিশালী, একতাবদ্ধ ও সমৃদ্ধিশালী দেশ হইতে হয়, তাহা হইলে আমাদের প্রত্যেককে প্রতিদিন সমন্বয়, সুবিচার এবং গঠনমূলক প্রচেষ্টা চালাইতে হইবে। আর বাস্তবিকভাবে ইহা আমাদের দায়িত্বের ভিতর রহিয়াছে।

এই উদ্দেশ্যসাধনে দেশের যুবশক্তিকেই পুরোভাগে থাকিতে হইবে। এই স্থলে আমরা আমেরিকা হইতে কলিকাতায় প্রত্যাগত স্বামী বিবেকানন্দের উদ্দীপনাময়ী বাণী স্মরণ করিতে পারি : 'শক্তিমান হও... অন্য সবকিছু নিশ্চয়ই আসিবে। যদি আগামীকাল আমার মৃত্যু হয় কার্যাবলীর মৃত্যু হইবে না। জনসাধারণের মধ্য হইতে হাজার হাজার মানুষ আসিয়া এই কার্য গ্রহণ করিবে এবং ইহাকে দূর হইতে দূরান্তরে ছড়াইয়া দিবে। আমার দেশের উপর আমার বিশ্বাস আছে, বিশেষত আমার দেশের যুবকদের উপর। বাংলার যুবকগণের মধ্য হইতেই সেই শক্তি আসিবে যাহা ভারতবর্ষকে আবার তাহার উপযুক্ত আধ্যাত্মিক ক্ষেত্রে প্রতিষ্ঠিত করিবে।'

স্বামী বিবেকানন্দের অমর স্মৃতির উদ্দেশে আমি সশ্রদ্ধ অভিবাদন নিবেদন করিতেছি।

প্রসঙ্গ : স্বামী বিবেকানন্দের সার্ধশততম জন্মবার্ষিকীর প্রাক্‌-লগ্নে ঐতিহাসিক শিকাগো ভাষণ

স্বামী সর্বভূতানন্দ

স্বামী বিবেকানন্দের ১৫০তম প্রাক্‌-জন্মবার্ষিকীর দ্বারপ্রান্তে আমরা উপস্থিত। এই ক্ষণে আমাদের স্মরণে আসে স্বামী বিবেকানন্দের সেই বিশ্ববিজয়ের ক্ষণটি। একটি বক্তৃতার মধ্য দিয়ে তিনি ভারতবর্ষকে পৃথিবীর কাছে তুলে ধরেছিলেন। ইতিহাস তাঁর প্রিয় বিষয় ছিল। যে-কোনও বক্তব্যকেই ইতিহাসের নিরিখে বিচার করবার অসাধারণ তীক্ষ্ণতা তাঁর ছিল, তাই তিনি প্রচারকরূপে অসামান্য সাফল্যলাভ করেছিলেন। তাঁর অতলান্ত জীবনসমুদ্রে অবগাহন যে করেছে তার কাছে বিস্ময় হল তাঁর প্রজ্ঞা। সেই প্রজ্ঞার স্ফুরণ আমরা প্রারম্ভিক ক্ষণ থেকেই দেখতে পাই। প্রারম্ভিক ক্ষণটি হল বিখ্যাত শিকাগো বক্তৃতা। কী অসাধারণ প্রজ্ঞার প্রকাশ তিনি ঘটিয়েছিলেন তা আমরা বক্তৃতাটি পর্যালোচনা করলেই বুঝতে পারব ! ১৮৯৩ খ্রিস্টাব্দের ১১ সেপ্টেম্বর ধর্মমহাসম্মেলনে তিনি প্রথম বক্তৃতা প্রদান করেছিলেন। তিন মিনিটের ঐতিহাসিক বক্তৃতাটি ছাড়াও ধর্মমহাসম্মেলনে তিনি আরও কয়েকটি বক্তৃতা প্রদান করেছিলেন। এই বক্তৃতাগুলির মধ্যে—'হিন্দুধর্ম', 'ভাতৃভাব', 'খ্রিস্টানগণ ভারতের জন্য কি করিতে পারেন', 'বৌদ্ধধর্ম' ইত্যাদি শীর্ষক বক্তৃতাগুলি অত্যন্ত তথ্যসমৃদ্ধ ও আধুনিক ছিল। তৎকালের ধর্মভাবনাকে সঠিক পথে চালিত করবার জন্য এ যেন মহৌষধ স্বরূপ। প্রশ্ন হল—কি ছিল এই বক্তৃতার বিষয় যার জন্য এক ভিক্ষুক বুদ্ধিজীবী, হৃদয়জীবী, ভগবৎ-প্রেমিক সকলের কাছেই একাধারে প্রণম্য হয়ে উঠলেন। ধরা যাক প্রথম দিনের তিন মিনিটের বক্তৃতাটি। এই বক্তৃতাটির সম্বোধনে তিনি যখন আমেরিকার জনগণকে 'ভ্রাতা ও ভগিনী' বলে সম্বোধন করেছিলেন, তখনই দীর্ঘক্ষণ করতালি তাঁকে স্বাগত জানিয়েছিল। স্বাগত জানিয়েছিল সেই কণ্ঠস্বরকে যিনি সত্যই আন্তরিক। যিনি বুদ্ধির মারপ্যাঁচে ক্লান্ত করবেন না শ্রোতাদের। বুদ্ধির সঙ্গে হৃদয় মিশিয়ে পরিবেশন করবেন জগৎকে সত্যবস্তুর। তাঁর কণ্ঠস্বর বোধ হয় তাই স্পর্শ করেছিল সভাগৃহপূর্ণ শ্রোতৃবর্গকে। স্বামী বিবেকানন্দ জানালেন, তিনি সেই ধর্ম অবলম্বনকারীদের মধ্য থেকে প্রতিনিধিত্ব করতে উপস্থিত হয়েছেন যে-ধর্ম সকল ধর্মের প্রসূতি বা মাতৃস্বরূপিণী, যে ধর্মে Exclution বা বহিষ্কার শব্দটির সঠিক অনুবাদ করা সম্ভব নয়। এই ধর্মের কাঠামোতে কেবল গ্রহণ আছে বর্জন নেই। শুধুমাত্র নিজের ধর্মকে প্রসূতিস্বরূপ বলেননি

স্বামীজী, সঙ্গে সঙ্গে তিনি ইতিহাস বর্ণনা করতে শুরু করেছেন। তিনি সকলকে স্মরণ করিয়েছেন—ধর্মবোধের উদারতার জন্যই সকলকে সাদরে গ্রহণ করেছে ভারতের এই সনাতন ধর্ম। স্বামীজী বললেন : 'আমি আপনাদের একথা বলিতে গর্ব বোধ করিতেছি যে, আমরাই ইহুদীদের খাঁটি বংশধরগণের অবশিষ্ট অংশকে সাদরে হৃদয়ে ধারণ করিয়া রাখিয়াছি; যে বৎসর রোমানদের ভয়ঙ্কর উৎপীড়নে তাহাদের পবিত্র মন্দির বিধ্বস্ত হয়, সেই বৎসরই তাহারা দক্ষিণভারতে আমাদের মধ্যে আশ্রয়লাভের জন্য আসিয়াছিল। জরথুষ্ট্রের অনুগামী মহান পারসিক জাতির অবশিষ্টাংশকে যে ধর্মাবলম্বিগণ আশ্রয় দান করিয়াছিল এবং আজ পর্যন্ত যাহারা তাঁহাদিগকে প্রতিপালন করিতেছে, আমি তাহাদেরই অন্তর্ভুক্ত।' কেবল নিজের ধর্মভাবনা নয় পৃথিবীর ইতিহাসকেও একলহমায় তুলে ধরলেন স্বামীজী। ধর্মকে কেন্দ্র করে রক্তস্রোতই বয়েছে পৃথিবীর বুকে, ভারতবর্ষ সবসময়ই শুনিয়েছে উদারতার বাণী, কারণ কোটি কোটি ভারতবাসী প্রতিদিন সেই স্তবগাথাটি পাঠ করে, যেখানে বলা হয় রুচির বৈচিত্র মানুষকে ভিন্ন ভিন্ন ভাবনায় ভাবিত করে, কিন্তু বিভিন্ন নদী যেমন অবশেষে এক সমুদ্রে মিলিত হয় ঠিক সেই রকম প্রতিটি মানুষই সেই পরম কারুণিক এক ঈশ্বরের সঙ্গে একীভূত হন। গীতায় শ্রীভগবান বলেছেন, যে যে-ভাবে আমাকে সাধনা করে, আমাকে ডাকে, আমি সেই-সেই ভাবে তাকে অনুগ্রহ করে থাকি। এই বক্তৃতাটির শেষ অংশে স্বামীজী আশা প্রকাশ করেছিলেন, শিকাগোর ধর্মমহাসভা থেকে সব ধর্মসহিষ্ণুতার একটি স্রোত পৃথিবীর ভাবজগৎকে প্লাবিত করবে।

কিন্তু স্বামীজী বিপুল জনপ্রিয়তা লাভ করার পর থেকেই বুঝেছিলেন তাঁর চলার পথ মসৃণ নয়, বিরোধিতার কণ্টকে তা সমাচ্ছন্ন। 'আমিই ঠিক অন্যে ভ্রান্ত'—এই গোত্রের মানুষেরা তাঁর মতকে ভালভাবে গ্রহণ করবে না কখনও। ক্ষুদ্র গণ্ডিতে আবদ্ধ জল, বিস্তারের কথা শুনলে ভীত হয়। অভিশাপ দিয়ে থাকে, ভাবে এ কোন সৃষ্টিছাড়া কথা—সকলেই ভাল! সকলেরই এ-জগতে কিছু প্রয়োজনীয়তা আছে তাই তারা জীবিত। এ কেমন কথা! তরুণ সন্ন্যাসী স্বামী বিবেকানন্দও হয়ে উঠেছিলেন সকলের কাছে ভীতির কারণ, নানা সমালোচনার স্রোতে ভেসে যাওয়ার আগে তিনি ধর্মমহাসম্মেলনকে শোনালেন এক কুয়োর ব্যাঙের গল্প। স্বামীজী বললেন : একটি ব্যাঙ কুয়োর মধ্যে বাস করত। সেখানেই সে জন্মগ্রহণ করেছিল, আবার সেখানেই সে বড় হয়ে উঠেছিল। একদিন ঘটনাক্রমে সমুদ্রতীরে অন্য একটি ব্যাঙ কোথা থেকে এসে সেই কুয়োর মধ্যে উপস্থিত হল। তাকে দেখে কূপমণ্ডূক জিজ্ঞাসা করলে, 'কোথা থেকে আসা হচ্ছে?'

সমুদ্র থেকে আসছি।

'সমুদ্র? সে কত বড়? তা কি আমার এই কুয়োর মতো বড়?' —এই বলে সে কুয়োর এক প্রান্ত থেকে অপর প্রান্ত লাফিয়ে দেখাল। তা দেখে সমুদ্রের ব্যাঙ বলে উঠল, 'ওহে ভাই, তুমি এই ক্ষুদ্র কূপের সঙ্গে সমুদ্রের তুলনা করবে কী করে?' কুয়োর ব্যাঙ তবু হার মানবে না, সে আরেকবার বেশে খানিকটা লাফিয়ে বলে উঠল তবে, 'এত বড়?' সাগরের ব্যাঙ বলল, 'সমুদ্রের সঙ্গে কুয়োর তুলনা করে মূর্খের প্রলাপ বকছ ভাই!' এই কথা শুনে কুয়োর ব্যাঙ রেগে উঠল,

মুখবিকৃতি করে উত্তর দিল, 'আমার কুয়োর মতো বড় কিছুই হতে পারে না, পৃথিবীতে এর চেয়ে বড় আর কিছুই থাকতে পারে না, এ নিশ্চয়ই মিথ্যাবাদী, অতএব একে তাড়িয়ে দাও।'

কূপমণ্ডূকের মুখবিকৃত হুঙ্কার স্বামীজী শুনেছিলেন, কিন্তু তিনি ভীত হননি। পরাধীন দেশ থেকে আগত সন্ন্যাসী ছিলেন নিজ সংস্কৃতির উদার ভাবকে তুলে ধরতে আপোষহীন, অকুতোভয়। যখন সমালোচনায় সকলেই মুখর তখন তিনিই বিশ্বের ভ্রান্তিকে একটি বক্তৃতায় থামিয়ে দিয়েছিলেন। বিশ্বমানবকে বুঝিয়ে দিয়েছিলেন— করুণা ভারতের প্রাপ্য নয়, ভারত শিক্ষকের ভূমিকায় চিরকাল অবতীর্ণ। তার মণি-রত্ন খচিত দেহে বিস্মৃতির ধুলা লাগলেও স্বরূপত সে উজ্জ্বল! তাকে অবহেলা করার কোনও পথ যে নাই। সত্যের উপর তা প্রতিষ্ঠিত। সমালোচনা-স্রোতের মুখটিকে দৃঢ় হাতে ধরে একে একে বর্ণনা করেছেন হিন্দুধর্মের তাত্ত্বিক ক্ষেত্র, বৌদ্ধ ধর্মের তাত্ত্বিক ক্ষেত্র। প্রতিটি আলোচনায় উঠে এসেছে তাঁর সুগভীর জ্ঞানের স্পর্শ। বিশ্বকে থামতে হয়েছে, ভাবতে হয়েছে। এই উদারতা ভারতবর্ষের মানুষ পেল কোথায়? কোথায় এর উৎসভূমি? স্বামীজী তাদের বুঝিয়েছেন, সেই প্রাণপাখি নিহিত আছে সনাতন ধর্মের কাঠামোর মধ্যে। ধর্ম তাই ভারতের কাছে সচল বস্তু। হিন্দুধর্মের প্রাণবস্তুকে উদ্ঘাটিত করে স্বামীজী তাঁর বদায়ী ভাষণে জানিয়েছিলেন, 'যদি কেহ এরূপ স্বপ্ন দেখেন যে অন্যান্য ধর্ম লোপ পাইবে এবং তাহার ধর্মই টিকিয়া থাকিবে, তবে তিনি বাস্তবিকই কৃপার পাত্র, তাঁহার জন্য আমি আন্তরিক দুঃখিত, তাঁহাকে আমি স্পষ্টভাবে বলিয়া দিতেছি, তাঁহার ন্যায় ব্যক্তির বাধাপ্রদান সত্ত্বেও শীঘ্রই প্রত্যেক ধর্মের পতাকার উপর লিখিত হইবে, 'বিবাদ নয়, সহায়তা; বিনাশ নয়, পরস্পরের ভাবগ্রহণ; মতবিরোধ নয়, সমন্বয় ও শান্তি।' বিবেকানন্দের মুখে এই হল বিশ্বের কাছে ভারতবর্ষের বাণী।

স্বামী বিবেকানন্দের অনুধ্যান : ত্রয়ী মনীষীর আলোকে

অধ্যাপক অরিজিৎ সরকার

'ভারত কেবল এশিয়ার ইতালি নয়; এ শুধু রম্যন্যাস এবং শিল্পসৌন্দর্যে ভরা দেশ নয়। ভারত ধর্মের দ্বারা আচ্ছাদিত, বিশ্বের প্রধান মন্দির। ভারতবর্ষ ধর্মের মূর্ত প্রতীক'। —বলেছেন পাশ্চাত্য মনীষী ক্রাম্ব। প্রকৃতপক্ষে 'ভারত' এই নামটিই তাৎপর্যপূর্ণ ও অর্থবহ্। কারণ —'ভা' কথার অর্থ জ্যোতিঃ এবং 'রত' কথার অর্থ মগ্ন। সুতরাং ভারতবর্ষ এমনই এক দেশ যেখানে মনীষীর জন্ম হবে, ঋষির সত্যদর্শন হবে, অবতারের লীলা সংঘটিত হবে, প্রজ্ঞাবান মানুষের জ্ঞান-পাণ্ডিত্য চর্চিত হবে। অমরত্বের সাধনায় মগ্ন এই দেশ ভারতবর্ষ। পৃথিবী বিখ্যাত ভারততত্ত্ববিদ ম্যাক্সমূলার ১৮৮২ খ্রিস্টাব্দে কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের এক বক্তৃতায় তাই বলেন : '...বস্তুত যদি পূর্ণতর মানবজীবন পেতে চাই— কেবল ইহকালের জন্য নয়, আমাদের দেহান্তের এবং অনন্ত জীবনের জন্য তাহলে আমি পুনরায় ঐ ভারতবর্ষের দিকেই দৃষ্টি ফেরাব।' প্রায় চারশো বছর আগে ভারতে রজ্জব নামে এক সাধক-কবি ছিলেন। রজ্জবের সিদ্ধিলাভের পর যখন বহু মানুষ তাঁকে প্রশ্ন করেছিলেন, 'কি দেখছেন আপনি? কি শুনতে পাচ্ছেন?' তখন রজ্জবের উত্তরের মূল সুরটি বিধৃত হয়েছিল, 'জীবন প্রকাশ খোঁজে, তাকে কথা কইতে হবে।' সেই কথা মানুষের হৃদয়ের কথা, অলৌকিক কণ্ঠের সুরময়ী বাণীর কথা। বস্তুত ভারতবর্ষের মতো এই দেশে এই বাণী ও প্রেরণার জন্মদাতা ঋষিতুল্য বহু মানুষের কথা বহুবার আলোচিত ও পঠিত হলেও 'I am a Voice without a form'—এই ধরনের বৈদান্তিক দর্শনের বিমূর্ত সত্যদ্রষ্টা স্বামী বিবেকানন্দের কথাই আলোচ্য প্রবন্ধের মূল বিষয়। শুধু প্রেক্ষাপট ভিন্ন। মনন নতুন রূপে। চিন্তন নতুন আঙ্গিকে। প্রকাশ নতুন রূপকে।

স্বামী বিবেকানন্দ সার্ধজন্মশতবর্ষের সন্ধিক্ষণে নানা রূপে আমাদের কাছে ধরা পড়েন। তিনি কারও কাছে বন্ধু, কারও কাছে ভারতরূপকার, প্রেমিক, যুবক, নেতা, প্রফেট, হিন্দুসন্ন্যাসী, কারও কাছে গুরুচরণাশ্রিত শিষ্য, সংগঠক, আদর্শস্বরূপ, বীর যোদ্ধা, বিপ্লবী আবার কারও কাছে মনীষী। কিন্তু প্রশ্ন জাগে, কৌতূহল হয়, জ্যোতির সাধনায় নিমগ্ন এই ভারতবর্ষে অন্য মনীষীদের মননে বিবেকানন্দের স্থান কোথায়? সত্যিই কি স্বামী বিবেকানন্দ কোনও জীবনসত্যের সন্ধান দিয়েছিলেন? উত্তীর্ণ হতে পেরেছিলেন দেহময় বিবেকানন্দ থেকে বাণীময় বিবেকানন্দে? এই অনুসন্ধানে অনুসন্ধিৎসু মনের কৌতূহল নিবারণের জন্য আলোচ্য প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীঅরবিন্দ ও সুভাষ চন্দ্র বসু—এই ত্রয়ীর দৃষ্টিতে স্বামীজীর কথাই আলোচনা করার চেষ্টা করছি স্বল্প পরিসরে।

বাণীময় বিবেকানন্দ মনোজগতে বিপ্লব ঘটিয়েছেন—এমন মানুষদের মধ্যে প্রথম ব্যক্তি সুভাষচন্দ্র নন এবং শেষ ব্যক্তি হিসাবেও তাঁর কথা বলা চলে না। ব্যক্তিজীবনে সিমন এভ্যাঁ নামক এক ফরাসি মহিলা বিবেকানন্দের বাণী–বীজ মাথায় নিয়েই জীবন ফিরে পান। তিনি গুরুতর অসুখে পড়েছিলেন, জটিল অস্ত্রোপচার হয়েছিল দেহে। বাঁচবার আশা ছিল কম। এই সময়ে এক বন্ধু মারফত বিবেকানন্দের যোগগ্রন্থ ঐ ভদ্রমহিলাকে বাঁচার প্রেরণা এবং সত্যের সন্ধান দেয়। তিনি বেঁচে ওঠেন। আর অন্য দিকে বিবেকানন্দের প্রেরণায় উদ্দীপ্ত হয়ে সুভাষচন্দ্র বলেন : 'আমাকে চলতেই হবে। পথ দীর্ঘ এবং দুর্গম। ক্লান্ত হয়ে পড়ি কখনও কখনও। অন্ধকার ঘিরে ফেলে—তার উপর দিয়ে ফাল ফাল করে ছুটে যায় বিদ্যুৎ। তাতে কী এসে যায়! চলাতেই আনন্দ...।' এই কথা বিবেকানন্দের কথারই অনুরণন। কারণ, স্বামীজীই তো বলেছিলেন : 'আমি ভয়ঙ্করকে ভয়ঙ্কর বলে ভালবাসি, নৈরাশ্যকে নৈরাশ্য বলে ভালবাসি, দুঃখকে দুঃখ বলে ভালবাসি। সংগ্রাম করো, অবিরাম সংগ্রাম করো, প্রতি পদে পরাজয়—তবু সংগ্রাম করো।' তাই সুভাষচন্দ্র বলেছিলেন, 'শ্রীরামকৃষ্ণ ও স্বামী বিবেকানন্দের নিকট আমি যে কত ঋণী তাহা ভাষায় কি করিয়া প্রকাশ করিব? তাঁহাদের পুণ্য প্রভাবে আমার জীবনের প্রথম উন্মেষ।' তিনি নিজে স্বীকার করলেন যে, বিবেকানন্দের প্রভাব তাঁর জীবনে আমূল পরিবর্তন এনে দিয়েছে। ব্যক্তিত্ব ও আদর্শে সুভাষচন্দ্র বিবেকানন্দকেই গ্রহণ করেছিলেন। '...স্বামী বিবেকানন্দের পথই আমি বেছে নিলাম।'

স্বামী বিবেকানন্দের দ্বারা প্রভাবিত হলেন শ্রীঅরবিন্দও। মননে, সত্তায়, চেতনার বিস্তারে বিবেকানন্দ ধরা পড়লেন তাঁরও যোগদৃষ্টিতে। সে দৃষ্টির বিস্তারে তিনি উপলব্ধি করেছিলেন, বিবেকানন্দের প্রভাব বিপুলভাবে কাজ করে চলেছে। ভারতের মর্মকেন্দ্রে 'বিবেকানন্দ এখনও জেগে মাতৃমর্মে, মাতৃ–সন্তানদের মর্মলোকে।' তিনি বিশ্বাস করতেন, 'বিবেকানন্দই আমাদের জাতীয়–জীবন গঠনকর্তা।' ঋষি অরবিন্দের অনুভূতি তাই এই রকম : '৬ চৈত্র রবিবার (১৩১৬) আমরা বেলুড় মঠে শ্রীশ্রীরামকৃষ্ণদেবের জন্মোৎসব দেখিতে গিয়াছিলাম। সে রামকৃষ্ণ নাই, সে বীর তেজস্বী বিবেকানন্দ নাই, কিন্তু তাঁহাদের শক্তি, তাঁহাদের ভাব সমগ্র ভারতকে অমরত্ব দিবার জন্য মহাশক্তি ধারণপূর্বক ছুটিয়াছে। সম্মুখে যাহাকে পাইতেছে, তাহাকে অমৃতবারিসিঞ্চনে বরণ করিয়া লইতেছে, অতিথির বেশে স্বদেশ মূর্তি ধারণ করিয়া তাহার হৃদয় অধিকার করিয়া বসিতেছে।' বিবেকানন্দের অশরীরী বাণী যোগীকেও স্পর্শ করে। সেই বাণীর সঞ্চারে যোগীর যোগনিদ্রা ব্যাহত হয়, ঋষিও সত্যদর্শনের উপলব্ধিকে আরও জোরালো করে তোলেন। যোগী অরবিন্দও সরব হন। স্বামীজীকে গ্রহণ করতেই হয়। কারণ, তাঁর প্রকাশের কোনও শেষ নেই।

'যদি তুমি ভারতকে জানতে চাও, বিবেকানন্দকে জানো। তাঁর মধ্যে সবকিছুই ইতিবাচক, নেতিবাচক কিছু নেই।' বিপ্লবী, ঋষির পরে এবার পালা কবির। কারণ, কবির দৃষ্টিতে জাগতিক অপরিমেয় রহস্য অন্যরূপে ধরা পড়ে। কবির সৃষ্টিতে জীবন প্রকাশ পায়, পূর্ণতা লাভ করে। কবির কবিতায়, রচনাশৈলীতে, চেতনার মনোভূমিতে লালিত হয়ে ওঠা বিস্ময় ও প্রতিক্রিয়া কাব্যিক দলিলে যখন পরিপুষ্টতা লাভ করে, তখনই মানুষ সেই সৃষ্টিকে বরণীয় ও চিরস্মরণীয় করে

রাখে। তাই বিবেকানন্দকে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরও গ্রহণ করলেন গভীর মননে। কবি তাই স্বামীজীর কথাগুলোকে বাণী বলে মেনে নিলেন। বললেন : 'এই বাণী স্বার্থবোধের সীমার বাইরে মানুষের আত্মবোধকে অসীম মুক্তির পথ দেখালে।' কবিগুরুর ভাবনায় স্বামী বিবেকানন্দই 'ভারতবর্ষের সাধনাকে পশ্চিমে ও পশ্চিমের সাধনাকে ভারতবর্ষে দিবার ও লইবার পথ রচনার জন্য নিজের জীবন উৎসর্গ করিয়াছিলেন।' রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন, স্বামীজীর বাণীই সম্পূর্ণ মানুষের উদ্বোধন বলেই কর্মের মধ্য দিয়ে, ত্যাগের মধ্য দিয়ে মুক্তির বিচিত্র পথে আমাদের যুবকদের প্রবৃত্ত করেছে। ভারতবর্ষের মতো সনাতন দেশ সেই মুক্তির কথাই উচ্চারণ করে। সেই মুক্তি মানুষের জয়গানের মধ্যে দিয়েই রচিত হয়। আর বিবেকানন্দের মতো ভারত-কান্ডারি যুগদিশারী মহামানবই সেই মানবের জয়গানের কথা ঘোষণা করেন। কবি শুধু তাকে প্রকাশ করেন অন্য ভাবে, অন্য ভাষায়, অন্য চেতনায়, সত্যটা একই থেকে যায়। বিচ্যুতি ঘটে না, অপলাপও হয় না।

স্বামীজীকে নিয়ে এই ত্রয়ী মনীষীর অনুধ্যানপর্বের ইতি করব সুভাষচন্দ্র বসুর একটি উদ্ধৃতি দিয়েই—'বিবেকানন্দ সম্বন্ধে কিছু লিখতে গেলেই আমি আত্মহারা হয়ে যাই। খুব কম লোকের পক্ষে, এমনকী তাঁর সংস্পর্শে থাকার সুবিধা যাঁদের হয়েছিল, তাঁদের পক্ষেও তাঁর সম্বন্ধে সম্যক ধারণা করা বা তাঁকে গভীরভাবে বুঝতে পারা অসম্ভব বলেই মনে করি।' সত্যিই তো বিবেকানন্দকে প্রকাশ করা যায় না। অপ্রতিরোধ্য, অবর্ণনীয়, অসীম যিনি, সীমার মধ্যে তাঁকে ধরব কী করে! শুধু গঙ্গাজলে গঙ্গাপূজাটুকুই করা হল।

সহায়ক গ্রন্থ

১. হিন্দুধর্ম—ক্ষিতিমোহন সেন
২. বহুরূপে বিবেকানন্দ—স্বামী চেতনানন্দ
৩. বিবেকানন্দে উদ্ভাসিত সুভাষচন্দ্র—শঙ্করীপ্রসাদ বসু
৪. স্বামী বিবেকানন্দ : মনীষীদের চোখে, রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, গোলপার্ক, কলকাতা
৫. পত্রাবলী—স্বামী বিবেকানন্দ

স্বামী বিবেকানন্দ ও সমাজচেতনা

কুসুম ভট্টাচার্য

স্বামী বিবেকানন্দ ভারতবর্ষ তথা বিশ্বের ইতিহাসকে নতুন পথে মোড় ঘুরিয়ে দিয়েছিলেন; তিনি ঘোষণা করেছিলেন : 'মানুষ তৈরিই আমার জীবনের ব্রত।' অতীত হোক বা বর্তমান কিংবা ভবিষ্যৎ, যে-কোনও সময়েই বিবেকানন্দের আদর্শ, তাঁর ব্যক্তিত্ব, তাঁর শিক্ষা যথার্থ মানুষ গড়ার উপযোগী। মানুষ গড়ার ব্যাপারে স্বামীজী কোনও বিশেষ সম্প্রদায়ের প্রতি তাঁর মনোযোগ সীমাবদ্ধ রাখেননি; তিনি সমগ্র সমাজকে একসূত্রে আবদ্ধ করেছিলেন, আপন করেছিলেন। তাঁর অগ্নিময়ী বাণী উদাত্ত আহ্বান জানাচ্ছে যুবসমাজকে—'আমি বিশ্বাস রাখি আধুনিক যুবসমাজের উপর। আমার কর্মীরা তাদের মধ্য থেকেই আসবে। সিংহের মতো তেজে তারা দেশের সব সমস্যাগুলির সমাধান করবে।'

জাতিগঠনের প্রথম ভিত্তি মানুষ তৈরি, তারপর সংগঠন। স্বামীজী সেই মানুষ তৈরি করতেই চেষ্টা করেছিলেন। স্বামীজীর মতো দেশপ্রেমিক, অকুতোভয় জাতীয়তাবাদী ভারতীয় রাজনৈতিক ইতিহাসেও দুর্লভ। স্বামী বিবেকানন্দ তাই দৃপ্ত কণ্ঠে ঘোষণা করলেন : 'I am a Socialist'। স্বামী বিবেকানন্দই হলেন ভারতের প্রথম সচেতন Socialist। এই সমাজতন্ত্রের জন্ম কার্ল মার্কসের গ্রন্থে নয়, ভারতের চিন্তা, চেতনা ও সংস্কৃতি এর উৎস। স্বামীজী তাই ভারতীয় প্রজাসাধারণের উপর ধনী সম্প্রদায়ের অমানবিক শোষণনীতির প্রতিবাদে লিখেছেন : 'এ শোষণ দানবিক ও পাশবিক।' স্বামীজীর মতে, দেশপ্রেমিকের কাজ হবে কোটি কোটি নিরন্ন জনসাধারণের পাশে থাকা, তাদের বেদনা একান্তভাবে অনুভব করা। ভারতবর্ষের যুবকদের উপর স্বামীজীর ছিল অনেক আশা। তিনি বলতেন : 'এরাই আমার Idea-গুলো Work out করবে।' তাই সর্বপ্রথম প্রয়োজন যুবকদের ব্যক্তি-চরিত্রগঠন। স্বামীজী সবচেয়ে বেশি জোর দিয়েছেন চরিত্রগঠনের ওপর। স্বামীজীর মধ্যে একটি মহৎ গুণ ছিল। তিনি সর্বদা বিভিন্ন জাতির ভাল গুণগুলিকে বেছে নিতেন, তাঁর জীবনদর্শন আমাদের শেখায় কীভাবে ভাল গুণগুলি আত্মীকরণ করে ব্যক্তি তথা সমাজ সমৃদ্ধ হয়ে উঠতে পারে।

চরিত্রগঠন বা মানুষ তৈরির ক্ষেত্রে স্বামীজীর অবদান কতটা গভীর ও গুরুত্বপূর্ণ তার প্রকৃষ্ট উদাহরণ নেতাজী সুভাষ চন্দ্র বসু। ভারত-ইতিহাসে তাঁর অবদান সম্পর্কে আমরা সকলেই অবগত। এই লৌহপ্রতিম দৃঢ় চরিত্র ও ব্যক্তিত্ব গঠনের পশ্চাতে ছিল স্বয়ং স্বামীজীর আদর্শ ও তাঁর বাণী। নেতাজী সুভাষ চন্দ্র বসু তাঁর যুবক বয়সে স্বামীজীর প্রভাবের কথা মুক্তকণ্ঠে স্বীকার করেছিলেন। তিনি বলেছিলেন : 'বিবেকানন্দের আদর্শকে যে-সময়ে

জীবনে গ্রহণ করলাম তখন আমার বয়স পনেরোও হবে কি না সন্দেহ। বিবেকানন্দের প্রভাব আমার জীবনে আমূল পরিবর্তন এনে দিল।' শুধু নেতাজীই নন, এমন বহু ব্যক্তি আছেন ইতিহাসে, যাঁদের জীবনের গতি পরিবর্তনের কাণ্ডারি ছিলেন স্বামী বিবেকানন্দ।

জাতির জনক মহাত্মা গান্ধীজীও ১৯২১ খ্রিস্টাব্দে স্বামী বিবেকানন্দের জন্মদিনে স্বামীজীর প্রতি শ্রদ্ধা জানাতে বেলুড় মঠে এসে বলেছিলেন—'তাঁর রচনাবলী আমি অত্যন্ত মনোযোগ-সহকারে অনুশীলন করেছি এবং সেগুলি পাঠ করার পর মাতৃভূমির প্রতি আমার ভালবাসা সহস্রগুণ বেড়ে গিয়েছে। হে যুবকবৃন্দ! যেখানে স্বামী বিবেকানন্দ বাস করেছেন এবং শরীর ত্যাগ করেছেন, সেই পুণ্যভূমির কিছু মাহাত্ম্য আত্মস্থ না করে তোমরা শূন্য হাতে ফিরে যেয়ো না—তোমাদের কাছে এই আমার আবেদন।' তাঁর এই বক্তব্য থেকে একথা পরিষ্কার বোঝা যায় যে, মহাত্মাজী নিজেও বিবেকানন্দের লেখার দ্বারা উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত হয়েছিলেন। তিনি বুঝতে পেরেছিলেন, ভারতবর্ষের যুবসমাজের শ্রেষ্ঠ পথপ্রদর্শক হলেন স্বামীজী। তাই তিনি দেশের যুবকবৃন্দকে বলেছিলেন স্বামীজীর মাহাত্ম্যকে আত্মস্থ করতে, দৈনন্দিন জীবনের পথ চলার পাথেয় করতে।

স্বামীজী ভারতবর্ষের অভিজ্ঞতার উপর নির্ভর করে বেদান্ত দর্শনের আলোকে লৌকিক সমাজের পুনর্বিন্যাস চেয়েছিলেন। বেদান্তের কথা হল 'জীব ব্রহ্ম'। বিবেকানন্দ বলেছেন, প্রত্যেক জীবসত্তাই ব্রহ্ম এবং তা অনাদি, অসীম। তবে নানারকম প্রতিকূলতার ফলে জীব জানে না যে, সে-ই ব্রহ্ম। তিনি চেয়েছেন এই সকল প্রতিকূলতার পরিবেশ থেকে উত্তরণ ঘটিয়ে ভারতীয় সমাজকে এক অভিনব শ্রেষ্ঠত্বে পৌঁছে দিতে। ধর্মের নামে আচারসর্বস্ব গোঁড়ামি, উচ্চবর্ণের শোষণ, সব মিলিয়ে, জীব যে ব্রহ্ম, এই সত্য আপন মহিমায় ভাস্বর হতে পারেনি; এই সত্যকে প্রকাশের জন্য, জীবের আত্ম-আবিষ্কারের জন্য সমাজের নবজন্ম প্রয়োজন। Realization of Vedantic philosophy—'The abstract Advaita must become living, poetic—in everyday life.'

বিবেকানন্দ যে মানুষের জয়গান করেছেন, সে মানুষ বন্ধনমুক্ত—জ্ঞানে, কর্মে, চেতনায়। 'You are free, free, free! Oh, blessed am I! Freedom am I! I am the Infinite! In my soul I can find no beginning and no end. All is my Self.' স্বামীজী যে নবভারত গঠনের স্বপ্ন দেখেছেন সেই উন্নত ভারতবর্ষ গঠনের জন্য নারীজাতির অভ্যুত্থানকে তিনি সর্বাপেক্ষা বেশি গুরুত্ব দিয়েছেন। ভারতবর্ষের দুরবস্থার কারণ অনুসন্ধান ও তার ব্যাখ্যা করতে গিয়ে তাঁর নির্ভীক কণ্ঠের নির্ঘোষ আমরা শুনেছি—'ভারতের দুই মহাপাপ—মেয়েদের পায়ে দলানো আর জাতি জাতি করে গরিবগুলোকে পিষে ফেলা। আমরা স্ত্রীলোককে নীচ, অধম, মহা হেয়, অপবিত্র বলি। তার ফল— আমরা পশু, দাস, উদ্যমহীন, দরিদ্র।' তিনি এই দুর্দশা থেকে উত্তরণের পথও বলেছেন : 'তোমাদের মেয়েদের উন্নতি করিতে পারো? তবে আশা আছে। নতুবা পশুজন্ম ঘুচিবে না। মেয়েদের পূজা করেই সব জাত বড় হয়েছে। যে দেশে, যে জাতে মেয়েদের পূজা নেই, সে দেশ, সে জাত কখনও বড় হতে পারেনি, কস্মিন্‌কালে পারবেও না।' স্বামীজীর

ভাবনায় এটা অত্যন্ত স্পষ্ট যে, ভারতের নবজাগরণের জন্য যা প্রয়োজন তা হল দরিদ্র সাধারণের উন্নয়ন ও নারীজাতির উন্নতি–সাধন।

সমাজতন্ত্রবাদে একথা সর্বজনস্বীকৃত যে দেশের খাদ্য ও বস্ত্রের উৎপাদন ও বিতরণ ব্যবস্থা, ধর্ম–জাতি–বর্ণ–শ্রেণি–নির্বিশেষে সকল নরনারীর সকল বিষয়ে সমান অধিকার–নীতির উপর পরিচালিত হলে জাতীয় জীবনের সকল ক্ষেত্রে সাম্য প্রতিষ্ঠিত হয়। স্বামীজীর বিভিন্ন লেখা পর্যালোচনা করলে দেখা যায় যে, প্রকৃত সমাজতন্ত্রবাদীর মতোই তিনি দেশের সকল বিষয়ে নরনারীর সমান অধিকার এবং উন্নতিলাভের সমান সুযোগের কথা বারংবার উল্লেখ করেছেন। দেশের দরিদ্র জনসাধারণের উপর অভিজাত শ্রেণির নিপীড়ন ও প্রভুত্ব, সমষ্টির উপর ব্যক্তির কর্তৃত্ব স্বামীজী কখনোই সমর্থন করেননি। ভবিষ্যৎ ভারতের গৌরবময় অভ্যুদয়ের স্বপ্নকে সার্থক করতে প্রয়োজন সেই জনসাধারণের জাগরণ, তাই স্বামীজী প্রাণস্পর্শী ভাষায় লিখেছেন : 'নূতন ভারত বেরুক। বেরুক লাঙল ধরে, চাষার কুটির ভেদ করে, জেলে মালা মুচি মেথরের ঝুপড়ির মধ্য হতে। বেরুক মুদির দোকান থেকে, ভুনাওয়ালার উনুনের পাশ থেকে। বেরুক কারখানা থেকে, হাট থেকে, বাজার থেকে। বেরুক ঝোপ জঙ্গল পাহাড় পর্বত থেকে।' বেদান্তবাদের চরম সাম্যনীতি সকল ক্ষেত্রে প্রয়োগ করতে তিনি সকল নরনারীকে উদ্বুদ্ধ করেছেন—'কি সামাজিক, কি রাজনীতিক, সকল ক্ষেত্রে যথার্থ মঙ্গল স্থাপনের একটি মাত্র সূত্র বর্তমান, সে সূত্র হইতেছে—এইটুকু জানা যে, ''আমি ও আমার ভাই এক।''' সকল কালে, সকল সমাজে সর্বজাতির পক্ষে এই সত্য সমভাবে প্রযোজ্য। বেদান্ত বলে : 'সমতা সর্বভূতেষু এতন্মুক্তস্য লক্ষণম্'—সর্বভূতে সমতা বা সমদর্শনই মুক্ত পুরুষের লক্ষণ, বেদান্তের এই চরম সাম্যবাদে বিশ্বাসী হলে কারও পক্ষে কোনও বিষয়ে কোনওপ্রকার অসাম্যভাব পোষণ করা সম্ভব হবে না। যে আদর্শ, যে ভাবকে স্বামীজী সর্বাপেক্ষা গুরুত্ব দিয়েছেন, তা হল ত্যাগ ও সেবার আদর্শ। সেই আদর্শকেই সার্থক করতে তিনি রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের প্রতিষ্ঠা করেন যার উদ্দেশ্য হল—'আত্মনো মোক্ষার্থং জগদ্ধিতায় চ'—নিজের মুক্তি ও জগতের কল্যাণ। তাই স্বামীজী বলেছেন— 'ওঠো ভারত, তোমার আধ্যাত্মিকতা দিয়ে জগৎ জয় করো। এই দেশেই একথা প্রথম উচ্চারিত হয়েছিল : ঘৃণার দ্বারা ঘৃণাকে জয় করা যায় না, প্রেমের দ্বারা তাকে জয় করতে হয়।'

স্বামীজী আরও উল্লেখ করেছেন যে, জনসাধারণকে শিক্ষিত করা এবং তাদের উন্নতি করাই জাতীয় জীবন গঠনের পন্থা। জনসাধারণকে আত্মনির্ভরশীল করতে প্রথম প্রয়োজন তাদের উপযুক্ত শিক্ষাদান। সেই জন্যেই তিনি গণশিক্ষা, গণচেতনা এবং গণসংগঠন গড়ার উপর জোর দিয়েছিলেন। তাতেই মানুষ আত্মবিশ্বাস ফিরে পাবে এবং তারই ফলে ঘটবে গণজাগরণ। স্বামীজীর চিন্তাধারায় এই সত্যই উদ্ভাসিত যে, ধর্ম ও সমাজতন্ত্রের মধ্যে মৌলিক কোনও বিরোধিতা নেই। এজন্যই তিনি মুক্ত কণ্ঠে ঘোষণা করেছেন : 'ভারতকে সামাজিক বা রাজনীতিক ভাবে প্লাবিত করার আগে প্রথমে আধ্যাত্মিক ভাবে প্লাবিত করো।' ধর্ম ও সমাজতন্ত্রের ধারণার মধ্যে সকল বিরোধ দূরীভূত করে তিনি সমাজতন্ত্রের ধারণাটির শুদ্ধিকরণ ঘটিয়েছেন ও অধিকতর গ্রহণযোগ্য করে তুলেছেন। অতীত, বর্তমান ও ভবিষ্যতের সমাজদর্শনের প্রেক্ষাপটে বিবেকানন্দের এই অবদানের মূল্য অপরিসীম।

স্বামী বিবেকানন্দের দৃষ্টিতে ভারতীয় নারী

পিয়ালী বসু

যুগ যুগ ধরে লালিত কৃষ্টি ও সংস্কারের ঘনীভূত রূপ যে ভারতীয় সংস্কৃতি—সেখানে সভ্যতার সূচনালগ্ন থেকেই পরম করুণাময় ঈশ্বরের অপরূপ সৃষ্টি নারীকে শক্তির আধার হিসাবে মাতৃজ্ঞানে পূজা করার প্রথা প্রচলিত। আবহমান কাল ধরেই আমাদের জাতীয় সংস্কৃতি বা ঐতিহ্য নারীসমাজের দ্বারা সুরক্ষিত হয়ে এসেছে। আমাদের এই পুরুষতান্ত্রিক সমাজ, সবসময় অবশ্য তা অনুধাবন করার চেষ্টা করেনি, আর তার ফলে যখনই সমাজের চরম অবহেলায়, নিদারুণ দুর্দশা-প্রাপ্তিতে এই নারীসমাজ তার মর্যাদা হারিয়েছে—তখনই এর ফলশ্রুতিস্বরূপ ভারতীয় সভ্যতা তার উন্নতি, তার প্রগতিশীলতার পথ থেকে কয়েক যোজন দূরে সরে এসেছে।

ভারতের উন্নতিকল্পে নারীসমাজ যে কতখানি গুরুত্বপূর্ণ, কতখানি অপরিহার্য, তা যে মানুষগুলি উপলব্ধি করতে পেরেছিলেন—তাঁদের মধ্যে স্বামী বিবেকানন্দ অন্যতম। ভারতের প্রাচীন সংস্কার অনুযায়ী সন্ন্যাসিবৃন্দ যেখানে সাধনপথের অন্তরায়-জ্ঞানে চিরকাল নারীসমাজকে দূরে সরিয়ে রেখেছেন, সেখানে খুব সচেতনভাবেই সন্ন্যাসী বিবেকানন্দ নারীজাতির কথা চিন্তা করেছেন মননে, কারণ তিনি অনুভব করেছিলেন যে, যদি নারী ও পুরুষের জীবন সমভাবে উন্নত না হয়, তবে দেশ বা সমাজের অর্থাৎ সমগ্র জগতের সর্বাঙ্গীণ সমৃদ্ধি ও উন্নতি কখনোই সম্ভবপর নয়। স্বামীজীর সময়ে ভারতীয় সমাজে নারীজাতির চূড়ান্ত অবহেলা ও অপমান স্বামীজীকে বিশেষভাবে ভাবিয়ে তুলেছিল। বিশ্বের মহাশক্তিমান জাতিগুলির কাছে ভারতবর্ষ তখন সবদিক থেকেই পদানত ছিল। ভারতের পুনুরুত্থানকল্পে স্বামী বিবেকানন্দের জ্ঞাননেত্রে যে দুটি লক্ষ্য উন্মোচিত হয়েছিল, তার মধ্যে একটি ছিল নারীজাতির মুক্তি। স্বামীজীর দৃষ্টিতে ভারতবর্ষের যে দুই মহাপাপ, তাদের মধ্যে একটি হল—মেয়েদের পায়ে দলানো—স্ত্রীলোককে নীচ, অধম ও অপবিত্র বলে হেয় করা।

আমরা যদি একটু প্রাচীন ইতিহাস পর্যালোচনা করি, তাহলে দেখব সভ্যতার শুরুতে ভারতীয় সমাজে নারীদের স্থান ছিল উচ্চে। উপনিষদে দেখা যায় সগুণ ব্রহ্ম স্বেচ্ছায় বহু হয়েছেন এবং এই বহুর আদি রূপ আদ্যাশক্তি, তিনি মাতৃরূপিণী। আবার পাশ্চাত্য দর্শন বলে যে, পৃথিবীর প্রথম মানুষ আদমের পাঁজরের একটি হাড় থেকে পৃথিবীর প্রথম নারী ইভের জন্ম। এটি তথ্য বা তত্ত্ব যাই হোক না কেন, তা থেকে এ-কথাটি স্পষ্ট যে পাশ্চাত্য সভ্যতাগুলি যেখানে নারীকে পুরুষের পাঁজরের একটি অস্থিরূপে কল্পনা করছে, সেখানে ভারতীয় সভ্যতা প্রথম থেকেই একটি স্বতন্ত্র, স্বাধীন

সত্তা হিসাবে নারীর অস্তিত্বকে স্বীকার করছে। ফলত শুরুতেই ভারতীয় নারীজাতি বিশ্বের নারীসমাজের কাছে অগ্রগণ্য হয়ে ওঠার দাবি রাখে একটি সম্পূর্ণ নিরপেক্ষ, স্বনির্ভর মানবীয় সত্তারূপে। সুখ, দুঃখ, ভাল-মন্দ, আত্মীয়-স্বজন, পারিবারিক জীবনের দায়-দায়িত্ব নিয়ে ভারতীয় নারীর জীবনের প্রকাশ এবং ত্যাগ, ক্ষমা, সত্যনিষ্ঠা, দৃঢ়তা, মমতাই ভারতীয় নারীর জীবনের স্বাভাবিক ধর্ম। ভারতে বৈদিক যুগে নারী ও পুরুষের সমান অধিকার ছিল। পতি এবং পত্নীর একসাথে যজ্ঞ সম্পাদন থেকে শুরু করে নারীর মন্ত্রদ্রষ্টা হিসাবে সামাজিক স্বীকৃতি, এই সবই সমাজে দৃষ্টান্তস্বরূপ বর্তমান ছিল। উপনিষদের যুগেও সেই ধারা অব্যাহত ছিল, এই প্রসঙ্গে আমরা ব্রহ্মবাদিনী গার্গী, মৈত্রেয়ীর নাম স্মরণ করতে পারি। কিন্তু পরবর্তী কালে, যে-সমাজ নারীকে একদিন ঈশ্বরের অসামান্য সৃষ্টি বলে স্বীকৃতি দিয়েছিল, সেই সমাজই নারীশক্তিকে দমনের জন্য উঠে পড়ে লাগল। নারী-পুরুষের একটা সামাজিক পরিধিগত, অধিকারগত ভেদ তৈরি করে শুধুমাত্র পুরুষ-নির্ভর একটা সমাজ গড়ে তোলার চেষ্টা চলল। যদিও তখন ভারতবর্ষ 'যত্র নার্যস্তু পূজ্যন্তে রমন্তে তত্র দেবতাঃ'—এই ভাবনার ধারক হিসাবে পরিচিত, তবুও সমাজে নারীর মর্যাদা ধীরে ধীরে কমতে লাগল। আর আমরা যদি স্বামী বিবেকানন্দের সময়ে সেই ভারতীয় সমাজকে ধরতে চাই, তাহলে দেখব তখন বৈদিক যুগের সেই ত্যাগ ও বৈরাগ্যপূর্ণ জীবন থেকে সরে এসে ভারতীয় নারী পুরুষের ভোগ্যপণ্য হিসাবে কেবল সংসার-যাত্রায় সন্তুষ্ট রইল। সময় যত এগিয়েছে, ওই পরিস্থিতির তত অবনতি হয়েছে—শিক্ষার আলোক না পেয়ে, নিজেদের ঈশ্বরের করুণার দান হিসাবে মনে করে মেয়েরা তখন পুরুষতান্ত্রিক সমাজের হাতের পুতুলে পরিণত হয়। স্বামীজী তাই এইদিকে তাঁর দৃষ্টি নিবদ্ধ করে বলেছিলেন—'জগতের কল্যাণ স্ত্রীজাতির অভ্যুদয় না হইলে সম্ভাবনা নাই, এক পক্ষে পক্ষীর উত্থান সম্ভব নহে।' ঊনবিংশ শতাব্দীর পুরুষসমাজ নারীকে স্ববশে রাখতে চেয়েছিল এবং কোমলা, অবলা ভারতীয় নারীও বিনা বাধায় তা সহ্য করতে অভ্যস্ত হয়ে পড়েছিল। আর এই সুযোগটাই নিয়েছিল পুরুষসমাজ। মেয়েদের অপবিত্র, অধম বলে নিজেদের সর্বনাশ তারা নিজেরাই ডেকে আনল। স্বামীজী তাই বলছেন—'তোমরা কি মনে করো প্রতিটি নারীর অন্তরে যে দেবী রয়েছেন, তাঁকে মুহূর্তের জন্যও ছলনা করা যায়? কখনোই তা হয়নি, হবেও না কখনও। সেই দেবী সবসময় নিজেকে প্রকাশ করছেন। যে-কোনও ছলনা অনিবার্যভাবে তাঁর কাছে ধরা পড়ে। সত্যের গৌরব, আধ্যাত্মিকতার আলো, পবিত্রতার মহিমা—সবকিছুই সেই দেবী নির্ভুলভাবে অনুভব করেন। প্রকৃত আধ্যাত্মিকতা অর্জন করতে এই পবিত্রতার একান্ত প্রয়োজন।'

মানুষমাত্রেরই যে দুটি বিষয়ে জন্মগত অধিকার থাকা উচিত, সেই শিক্ষা ও স্বাধীনতা অষ্টাদশ ও ঊনবিংশ শতাব্দীর শুরুতে মেয়েদের একেবারেই ছিল না। মেয়েদের অজ্ঞানতার অন্ধকারে ঠেলে দিয়ে সেই সময়কার সমাজ একটা প্যানপেনে নারীচরিত্র তৈরি করার চেষ্টা করল, কিছু হলেই যে কেবল কাঁদতে প্রস্তুত। স্বামী বিবেকানন্দ এই বিশ্বাসের মূলেই আঘাত হানতে চেয়েছিলেন। তাঁর মতে, 'শিক্ষা পেলে মেয়েদের problems

(সমস্যাগুলো) মেয়েরা নিজেরাই solve করবে', মেয়েদের শিক্ষা দিয়ে ছেড়ে দিলে মেয়েরাই বলবে কোন জাতীয় সংস্কার তারা দাবি করছে—স্বামীজী এই মতবাদেই বিশ্বাসী ছিলেন। স্বামীজী চাইতেন মেয়েরা এমন কিছু শিখুক, যাতে প্রয়োজন হলেই তারা তাদের জীবিকা নির্বাহ করতে পারবে। এই প্রসঙ্গে স্বামীজী বারবার আমাদের সামনে পাশ্চাত্য নারীদের উদাহরণ দিয়ে বলেছেন, তারা গাড়ি চালায়, শিক্ষকতা করে আবার অফিসে কাজও করে। তাদের সমাজে নারী ও পুরুষের ভেদ প্রায় নেই বললেই চলে আর তাই তাদের সমাজ তরতর করে এগিয়ে চলছে। আর ভারতবর্ষে স্নেহ, দয়া, তুষ্টি, ভক্তি, বিনয়সম্বলিত নারীজাতি থাকা সত্ত্বেও ভারতের উন্নতি থমকে রইল শুধুমাত্র তাদের অবহেলা করার কারণে। স্বামীজীর ভাষায়—'এমন সব আধার পাইয়াও তোমরা ইহাদের উন্নতি করিতে পারিলে না।'

কিন্তু আজ একবিংশ শতকের ভারতীয় নারী-সমাজ অনেকটাই উন্নত। তারা এখন প্রগতিশীলতার প্ল্যাটফর্মে দাঁড়িয়ে, পুরুষের সাথে তালে তাল মিলিয়ে, অতীতের ব্যতিক্রমী নারীচরিত্র রানি লক্ষ্মীবাঈ, ভক্তিমতী মীরাবাঈ বা ব্রহ্মবাদিনী গার্গী, মৈত্রেয়ী, লোপামুদ্রার পদাঙ্ক অনুসরণ করে, সমাজের সর্বত্রই তার জয়যাত্রার সূচনা করেছে। এই আধুনিকতার পৃথিবীতে আধুনিক মনস্ক হয়ে উঠে একই ছাদের তলায় পুরুষের পাশাপাশি বসে নারী পুরোনো প্রথাকে ভেঙে নিজের কাজের সুযোগ করে নিয়েছে। স্বামীজীর মেয়েদের হাতে তৈরি ভারতবর্ষের স্বপ্ন আজ অনেকটাই সত্যি হয়েছে। কিন্তু আজকে কখনও কখনও এই অতিরিক্ত স্বাধীনতাপ্রিয়, শুধুমাত্র পোশাক-পরিচ্ছদে আধুনিকা, হৃদয়ের সেই কোমলতা, ভালবাসা ভুলে যান্ত্রিক হয়ে পুরুষের সাথে প্রতিযোগিতায় নামা কোনও কোনও নারীর দৃষ্টান্ত আমাদের মনে প্রশ্ন জাগায়—এই রকম নারীজাতিই কী চেয়েছিলেন স্বামীজী দেশের উন্নতিকল্পে? এর একটাই উত্তর—'না'। স্বামীজী ছিলেন ভবিষ্যৎদ্রষ্টা, তিনি বারবার বলছেন—'আমাদের দেশের মেয়েরা বিদ্যাবুদ্ধি অর্জন করুক, এ আমি খুব চাই কিন্তু পবিত্রতা বিসর্জন দিয়ে যদি তা করতে হয়, তবে নয়।' ভারতবর্ষের নারীর আদর্শ হিসাবে তাই তিনি সীতা, সাবিত্রী, দময়ন্তীর জীবন উল্লেখ করেছেন—'হে ভারত, ভুলিও না, তোমার নারীজাতির আদর্শ সীতা, সাবিত্রী, দময়ন্তী।' স্বামীজী চেয়েছিলেন ধর্মকে কেন্দ্র করে, ভারতীয় ঐতিহ্যকে মেনেই, শুধুমাত্র চটকদারিতে বিশ্বাস না করে বিচার, বুদ্ধি, বিবেচনা দিয়েই ভারতীয় নারী তার উন্নতি করুক। স্বামীজী নারীসমাজের স্বাধীনতাপ্রিয়তাকে অবশ্যই সমর্থন করেছিলেন, তবে সেটা আজকের কোনও কোনও মেয়ের এই উন্নাসিকতা নয়। তা ছিল অধ্যাত্মরসে, পবিত্রতায়, ক্ষমায়, দয়ায়, ভালবাসায়, কিন্তু প্রয়োজনে আবার কঠোর হওয়ার স্বাধীনতা। আর এই সব গুণের অধিকারিণী হিসাবে নারীজাতির কাছে দৃষ্টান্তস্বরূপ স্বামী বিবেকানন্দ উল্লেখ করলেন একালের সীতা, জগজ্জননী শ্রীশ্রীমা সারদা দেবীর কথা। বললেন—'শক্তি বিনা জগতের উদ্ধার হবে না, আমাদের দেশ সকলের অধম কেন, শক্তিহীন কেন? শক্তির অবমাননা সেখানে বলে। মা-ঠাকুরানি ভারতে পুনরায় সেই মহাশক্তি জাগাতে এসেছেন, তাঁকে অবলম্বন করে আবার সব গার্গী, মৈত্রেয়ী জগতে জন্মাবে।'

প্রখর দূরদৃষ্টিসম্পন্ন স্বামী বিবেকানন্দ নারী-স্বাধীনতা, নারীমুক্তির কথা অনুধাবন করেছিলেন

বলেই, তখনই স্বতন্ত্রভাবে পুরুষবর্জিত হয়ে গঙ্গার ওপারে মেয়েদের নিয়ে সম্পূর্ণভাবে নারীশক্তির উপর নির্ভর করে, মা সারদাকে Centre (কেন্দ্র) করে মেয়েদের মঠ গড়ে তোলবার স্বপ্ন দেখছিলেন—যারা জগতে আধ্যাত্মিক শক্তির জাগরণ ঘটাবে। আজকের সমাজে দাঁড়িয়ে মনে হয় স্বামী বিবেকানন্দ যেন এরকম নারীসমাজ চেয়েছিলেন যা হবে প্রাচ্যের কোমল, ভালবাসায় ভরা জননীরূপে নারীর প্রতিমূর্তি এবং পাশ্চাত্যের পুরুষের সাথে সমান তালে এগিয়ে চলা স্ত্রীরূপে নারীর প্রতিমূর্তির মেলবন্ধন, মিশ্রণ।

স্বামীজীর সেই 'চাওয়া' হয়তো আজ অনেকটাই 'পাওয়া'তে পরিণত হয়েছে, কিন্তু ভারতবর্ষের নারীজাগরণের পথপ্রদর্শক স্বামী বিবেকানন্দের প্রাচ্য ও পাশ্চাত্যের মেলবন্ধন ঘটিয়ে ভারতীয় নারীসমাজ গড়ে তোলার আদর্শের সার্থক রূপায়ণের জন্য আজকের ভারতের নারীকে হয়তো আরও অনেক পথ চলতে হবে। সমগ্র বিশ্বকে আজ হয়তো ভারতের নারীসমাজের এটা জানানোর সুযোগ এসেছে বা আসতে চলেছে যে স্ত্রী বা পুরুষ হিসাবে নয়, স্বামীজীর ভাষায় 'অন্তর্নিহিত শক্তির (দেবত্বের) জাগরণ,' 'অন্তর্নিহিত সত্তাকে (দেবত্বকে) অনুভব' করতে পারাটাই মানুষ হিসাবে মানুষের কর্তব্য, আত্মায় স্ত্রী, পুরুষের কোনও ভেদ নেই।

স্বামী বিবেকানন্দের জন্মের সার্ধশততমবর্ষের দোরগোড়ায় দাঁড়িয়ে—স্বামীজী ভারতবর্ষের যে নারীসমাজের স্বপ্ন দেখেছিলেন, সেই নারীসমাজের একজন প্রতিনিধি হিসাবে—স্বামীজীর চরণে প্রণাম নিবেদন করে প্রার্থনা করি—

'বলমসি বলং ময়ি ধেহি।

... ...

সহোঽসি সহো ময়ি ধেহি।'

(তুমি বল, আমায় বলবান করো। তুমি সহ্য-শক্তি, আমায় সহনশীল করো।)

স্বপ্নপূরণের কারিগর

রাজেশ বসু

সময় ২০০০ খ্রিস্টাব্দ, বছরের দ্বিতীয় প্রভাতে বিদেশের মাটিতে প্রথমবার পা রাখল এক যুবক। সে-দেশের ভাষা, ভাবনা, সংস্কৃতি যুবকের পরিচিত। ইট-কাঠ-পাথরের প্রাচীন মহানগরীর ইতিবৃত্তে গন্তব্যস্থলের উদ্দেশে 'বেবি' ছুটল। 'বেবি' হল অটো রিক্সা। অচেনা শহরের নিয়ন আলোয় নিজেকে নতুন লাগছিল যুবকের। রাত যখন ভোরের আলোর ছোঁয়ায় উজ্জ্বল হতে চাইছে, ঠিক এমন সময় ডাকাবুকো 'বেবি'-র চালকটি 'মন্দির গেট'-এর সামনে এসে যুবকটিকে নামিয়ে দিলেন এবং 'বেবি'-র ভাড়া বাবদ নির্ধারিত দেড়শো টাকাও নিলেন না। যাওয়ার আগে অবশ্য জানিয়ে দিয়ে গেলেন যুবকের সাথে তাঁর আত্মীয়তার কথা—দুজনেরই জীবনের নায়ক স্বামী বিবেকানন্দ। দুজন যুবকেরই ক্লান্ত, অবসন্ন জীবনের মন্থর গতিকে সঠিক পথের দিশা দিয়েছে বিবেকানন্দের বাণী। বেসুরো সময়ে সুরে থাকার নাম—বিবেকানন্দ। অপরিচিতের সাথে পরিচয় যেন শীতের সকালে একমুঠো শিউলি ফুলের শুভেচ্ছা নিয়ে এল। ছেলেবেলা থেকে অনেকবার জীবনজিজ্ঞাসার উত্তর হয়ে বিবেকানন্দ সমস্যার সমাধান করেছেন, একথা ঠিক। তবু কেন এই বিবেকানন্দই আমাদের জীবনের নায়ক হবেন? কালের প্রবহমান গতিতে এক-একটি জীবন ক্ষণকাল স্থায়ী। এই সময়ের অবসরে জীবনকে জীবন্ত করে তুলতে এমন একজনকে প্রয়োজন যিনি কথা দিয়েছেন এবং কথাও রেখেছেন। যাঁর জীবনবোধের আলোকে আমাদের স্থবির ব্যক্তিত্বের পরিবর্তে এক গতিশীল ব্যক্তিত্ব হয়ে উঠতে হবে। যে মানুষটিকে ঘিরে আমাদের এত স্বপ্ন, তার চেয়ে আরও বড় স্বপ্ন দেখতেন তিনি আমাদের নিয়ে। প্রিয় মার্গোকে চিঠিতে লিখছেন—'মোটের উপর আমার শরীরের জন্য বিশেষ উদ্বেগের কোনও কারণ আছে বলে মনে করি না। এ-জাতীয় স্নায়ু-প্রধান ধাতের শরীর কখনও বা মহাসঙ্গীত-সৃষ্টির উপযোগী যন্ত্রস্বরূপ হয়, আবার কখনও বা অন্ধকারে কেঁদে মরে।' বিবেকানন্দের এই কান্না আমাদের ব্যক্তিগত জীবনের ব্যর্থতার নিমিত্ত। জীবন একটি নিরবচ্ছিন্ন সংগ্রাম, অন্তরে ও বাইরে। সেই সংগ্রামের বিবেক-সেনানী হয়ে উঠতে দার্শনিক ধীরতা ও স্থিতির সঙ্গে আমাদের মধ্যে লুকিয়ে থাকা জগৎ-কল্যাণমুখী শক্তিকে সমন্বিত করতে হবে। তবেই আমরা আমাদের মানবিকতা ও নৈতিক আদর্শকে এক অতি উচ্চস্তরে উন্নীত করতে পারব।

স্বামীজীর প্রাক-জন্মসার্ধশতবর্ষে তাঁর জীবন ও বাণী কেন যুবমানসে আদর্শরূপে গৃহীত হবে সে-বিষয়ে দৃষ্টিপাত করলে দেখা যাবে, যুবকদের কাছে

তাদের আশা-আকাঙ্ক্ষা, প্রেরণা-উদ্দীপনা, চাওয়া-পাওয়া, সাফল্য-ব্যর্থতা প্রভৃতি বিষয়কে বোঝার মতো এমন একজনও বন্ধু এ-জীবনে আর কেউ নেই। যে বন্ধু ব্যর্থ যুবকের চোখের জল নিজের হাতে মুছিয়ে দিয়ে তাকে অভয়বাণী শুনিয়েছেন—ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থেমো না। ওঠো, জাগো, জগৎ যে দুঃখে পুড়ে খাক হয়ে যাচ্ছে, তোমার কি নিদ্রা সাজে?—এই নিদ্রা-মুক্তি'র জন্য প্রয়োজন বিবেকবাণীর। এই বাণীই চরিত্রগঠনের মৌলিক সূত্র, যা তার সামগ্রিক রূপকে প্রকাশ করে। জীবনকে পথের সাথে তুলনা করার রেওয়াজ আছে, কারণ পথ কখনোই মসৃণ হয় না। সেরূপ চরিত্রই জীবনের বিবিধ বাধা-বিপত্তির মধ্যে দিয়ে পথ করে নেয়। সেই পথে আলো দেখাতেই বিবেকানন্দের প্রয়োজন। স্বামীজীর মতে—'উদ্দেশ্য অনেক আছে, উপায় এদেশে নাই। আমাদের মস্তক আছে, হস্ত নাই। আমাদের বেদান্ত-মত আছে, কার্যে পরিণত করিবার ক্ষমতা নাই। আমাদের পুস্তকে মহাসাম্যবাদ আছে, আমাদের কার্যে মহাভেদবুদ্ধি। মহা নিঃস্বার্থ নিষ্কাম কর্ম ভারতেই প্রচারিত হইয়াছে, কিন্তু কার্যে আমরা অতি নির্দয়, অতি হৃদয়হীন, নিজের মাংসপিণ্ড-শরীর ছাড়া অন্য কিছুই ভাবিতে পারি না... ভালমন্দ বিচারের শক্তি সকলের আছে। কিন্তু তিনিই বীর, যিনি এই সমস্ত ভ্রম-প্রমাদ ও দুঃখপূর্ণ সংসারের তরঙ্গে পশ্চাৎপদ না হইয়া একহস্তে অশ্রুবারি মোচন করেন ও অপরকে অকম্পিত হস্তে উদ্ধারের পথ প্রদর্শন করেন! ...কল্যাণের পথ এই দুইয়ের মধ্যবর্তী।' এই পথেই বিবেকানন্দ হেঁটেছেন শুধু আমাদের জন্য, যাতে পথ চলতে চলতে আমরা হোঁচট খেয়ে পড়ে না যাই।

এভাবেই কি মানবপূজা হয়? জ্ঞানস্বরূপ বিবেকানন্দ কি এই ভাবেই মানবমিত্র হয়েছিলেন? ওদের মস্তিষ্কের ঘূর্ণাবর্তে প্রশ্নগুলো ঘুরপাক খেতে লাগল। বিবেকানন্দই উত্তর হয়ে পড়ন্ত বিকেলের সূর্যের আলোয় ধরা দিলেন—

'ঘোর দুর্বিপাকে যখন জড়িয়ে পড়ি;
অবসন্ন প্রাণ, ক্লান্ত ও কাতর,
যখন প্রকৃতি আমাকে চূর্ণ করে
ক্ষমাহীন তার নিয়মে—
শুনেছি তোমারি স্বর তখনি হে প্রিয়!
বলেছ গোপনে মৃদুভাষে ''আমি এসেছি''
জেগেছি সেই স্বরে; তোমার সঙ্গে
সহস্র মৃত্যুর মুখে আমি যে নির্ভয়।'

এভাবেই ক্লান্ত ও কাতর মানুষের হাতে হাত রেখে নির্ভয়ে যুগনায়ক অভয়দান করেছেন। নীরবতার গাম্ভীর্য ভেঙে জীবনের সমস্ত কোলাহলকে দূর করে নিজেই মানুষের হাহাকারে দিবসের মহান উদ্ভাস এনেছেন। মানুষকে মানুষ হয়েই জানিয়ে গেছেন—একদিন এই ছেঁড়া-ফাটা শরীরটা ছেড়ে তিনি চলে যাবেন ঠিকই, কিন্তু ততদিন পর্যন্ত কাজ থামাবেন না, যতদিন পর্যন্ত পৃথিবীর মানুষ না জানবে—সে আর ঈশ্বর এক। মানুষের এই দেবত্বের উদ্বোধনের বাণীই তিনি নিজ জীবনে মূর্ত করে দেখিয়েছেন। ভগবানের কাছে প্রার্থনা করে বলেছেন, তাঁর মধ্যে যে আগুন জ্বলছে, তা যেন আমাদের মধ্যে জ্বলে ওঠে, আমাদের মন-মুখ যেন এক হয়। ভাবের ঘরে যেন চুরি একদম না হয়। আমরা যেন জগতের যুদ্ধক্ষেত্রে বীরের মতো মরতে পারি। আমাদের জীবনের অপরিমেয় বিষপান করে স্বামীজী হয়ে উঠেছেন নীলকণ্ঠ নরেন্দ্র। অভয়বাণী দিয়ে আশ্বস্ত করে বলেছেন—'স্বপ্নটি খুবই সুন্দর। স্বপ্নে আমরা

আমাদের মনের এমন একটা স্তরের পরিচয় পাই, যা জাগ্রত অবস্থায় কখনও পাই না, এবং কল্পনা যতই অবান্তর হোক না কেন, অজ্ঞাত আধ্যাত্মিক সত্যসমূহ তার পশ্চাতেই অবস্থান করে। সাহস অবলম্বন করো। মানবজাতির কল্যাণের জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করব—বাকি সব প্রভুই জানেন। ...অধীর হয়ো না, তাড়াহুড়ো কোরো না। ধীর, একনিষ্ঠ এবং নীরব কর্মই সফল হয়।'

মহানগরীর যানজট অতিক্রম করে 'বেবি' চলল শহরের শেষ প্রান্তে গ্রাম্য বাতাবরণে। যেতে যেতে সিরাজ পরিচিত হয়ে ওঠা যুবককে উদ্দেশ করে বলল—এ কোন স্বপ্নের কথা স্বামীজী বলছেন? এই স্বপ্ন কি সত্যি হবে কোনও দিন? যুবকের শান্ত নির্ভীক উত্তর—শুনেছি, এ স্বপ্ন—যা ঘুমের মধ্যে আসে না। এ হল সেই স্বপ্ন যা পূর্ণ না হলে ঘুমই আসে না। সিরাজের চোখের কোণে একবিন্দু জল, দিনের সমস্ত অপ্রাপ্তিকে পূর্ণতা দিয়ে আবার ওরা পথ চলতে শুরু করল। দ্বৈতকণ্ঠে ধ্বনিত হল—

'সূর্য যদি মেঘাচ্ছন্ন হয় কিছুক্ষণ
যদি বা আকাশ হের বিষণ্ণ গম্ভীর,
ধৈর্য ধরো কিছুকাল হে বীর হৃদয়,
জয় তব জেনো সুনিশ্চয়।'

এই ভাবেই কয়েকদিন চলল। একদিন সকালে প্রাতরাশ সেরে ওরা দুজন বেরিয়ে পড়ল। গন্তব্যস্থল চাঁদপুর। যেতে যেতে দুজনেরই ব্যক্তিগত জীবন নিয়ে অনেক কথা হচ্ছিল। হঠাৎই এসব আলোচনার মধ্যে সিরাজ বলে উঠল—'সংসারের সঙ্গে আমার যথেষ্ট পরিচয় হয়েছে, এর সবখানিই স্বার্থ-প্রণোদিত—স্বার্থের জন্য জীবন, স্বার্থের জন্য প্রেম, স্বার্থের জন্য মান, সবই স্বার্থের জন্য।' যুবক বন্ধুটি অবাক হয়ে জিজ্ঞাসা করল—এসব কথা কোথা থেকে জানলে?

—কেন? স্বামীজীকে পড়ে। স্বামীজীর চিঠিপত্র একটু-আধটু পড়েছি, এই কথাগুলো নিবেদিতাকে লেখা। ধন্য স্বামীজী! অষ্টম শ্রেণি না-পেরোনো পঁচিশ বছরের তরতাজা যুবক তার জীবনচর্যায় বিবেকানন্দকে জেনেছে প্রেরণার প্রিয় মানবাত্মা-রূপে। জীবনের গতিপথে স্বামীজী নিজ অভিজ্ঞতায় বুঝেছিলেন জীবনের পরম সত্যকে—'জগৎটা বড়ই তুচ্ছ, সংসার বড়ই জঘন্য এবং জীবন এতটাই হীন যে, এই ভেবে আমি অবাক হই, মনে মনে হাসি যে, যুক্তিপ্রবণ হওয়া সত্ত্বেও মানুষ কেমন করে এই স্বার্থের—এই হীন ও জঘন্য পুরস্কারের পেছনে ছুটতে পারে!' অনন্ত জীবনের ইতিকথায় কর্তব্যের শেষ নেই, তবে কল্যাণকারী কেউই দুর্গতি প্রাপ্ত হয় না। স্বামীজী আমাদের স্বপ্নের ফেরিওয়ালা। তিনি স্বপ্নের ও স্বপ্নপূরণের কারিগর। স্বামীজীর ভাষায়—

'দুর্গম দুঃসহ পন্থা—এই তব পথ,
প্রতি পদে অবিশ্রান্ত উপল-সঙ্ঘাত
সে আমারি দান। দিয়েছি বন্ধুরে তব
স্নিগ্ধ স্বচ্ছ পথখানি সানন্দ যাত্রার।'

এভাবেই স্বামীজীকে ভালবেসে দুটি প্রাণ একে অপরের সাথে মিশে গেল। ভিন্ন ধর্ম, ভিন্ন দেশ, ভিন্ন সংস্কৃতির মধ্যে শুধু স্বামী বিবেকানন্দ এক ও অভিন্ন। বিবেকানন্দের বাণী মানুষের আত্মার প্রতিটি তন্ত্রীতে সুর তুলে ঝঙ্কার সৃষ্টি করে। জীবনের পরম সত্য এই—শক্তিই জীবন, দুর্বলতাই মৃত্যু। শক্তিই সুখ ও আনন্দ; শক্তিই অনন্ত ও অবিনশ্বর জীবন। আমাদের ব্যক্তিগত জীবনের উপপাদ্যে নিয়ম আছে—নিয়মানুবর্তিতা নেই, অনুভব আছে—অনুধ্যান নেই, বিচারবল-বুদ্ধিবল

আছে—চরিত্রবল নেই, আমরা মানুষ কিন্তু আমাদের মধ্যে মনুষ্যত্বের বড় অভাব। স্বামীজী পথ দেখিয়েছেন—'যদি একজনের মনে—এ সংসার-নরককুণ্ডের মধ্যে একদিনও একটু আনন্দ ও শান্তি দেওয়া যায়, সেইটুকুই সত্য, এই তো আজন্ম ভুগে দেখছি—বাকি সব ঘোড়ার ডিম।' জীবনের সংগ্রামে মানুষ বিবেকানন্দ এই স্বপ্ন দেখেছেন যা তাঁর বাস্তব অভিজ্ঞতায় পুষ্ট। ভারতের ঘনীভূত রূপ ভারত-আত্মা বিবেকানন্দের অমোঘ বেদনার দিনগুলো রোদে-জলে পুড়ে জনকলরবে হাহাকার হয়ে মিশে গেছে। সংগ্রামী বিবেকানন্দ—সকল সময়ের সকল ধর্মের মহাত্মাদের কাছে প্রার্থনা করেছেন যেন তাঁরা তাঁকে পথ দেখান, যাঁরা পথের প্রান্তে পৌঁছেছেন। সত্যিই বিবেকানন্দের এই প্রার্থনা আমাদের স্বরূপ সন্ধানে চিরন্তন সত্য—

'বুঝিতে বলিনি আমি, কি অর্থ ইহার,
শুধু চোখ বুজে দেখো স্বরূপ আমার।'

বছরের দ্বিতীয় প্রভাতে ওদের পরিচয়, আজ সপ্তম সন্ধ্যা। নির্বাক দৃষ্টি, নিঃশব্দ পদচালনায় বেশ কিছু পথ চলার পর সিরাজ একটু ফাঁকা জায়গায় এসে জিজ্ঞাসা করল : 'তোমার হাতে ওটা কী?'

'উদ্বোধন।'

'উদ্বোধন! সেটা আবার কী?'

'উদ্বোধন পত্রিকা, বয়স একশো বছর।'

সিরাজ পত্রিকাটি হাতে নিয়ে গভীরভাবে প্রচ্ছদের দিকে তাকিয়ে থাকল। পাতা উলটে দেখল—ঠাকুরের শরীর, মায়ের বাণী, স্বামীজীর স্বপ্ন। অভিমানী সুরে যুবকের কাঁধে হাত রেখে বলে উঠল : মানুষ তৈরিই তো ছিল বিবেকানন্দের একমাত্র জীবনব্রত। কোথায় সেই মানুষ? আমরা মানুষ হয়ে জন্মালাম, কিন্তু মানুষ হতে পারলাম না! প্রত্যেক মানুষের অন্তর্নিহিত দেবত্বের উদ্বোধন আর সেই দেবত্বকে জীবনের প্রতিটি অধ্যায়ে প্রকাশের সহজপাঠ হাতে সিরাজ অনন্ত আকাশের তারাদের দিকে তাকিয়ে।

বিদায়ের সময় আগত। এবার দেশে ফেরার পালা। এ কি সত্যিই বিদায়, না কি জীবনের কথামালায় নতুন কোনও সমন্বয়। দুজনের দুচোখ জলে ভরা। এভাবেই তিনি মেলাবেন, মেলাবেন তিনিই মেলাবেন। যুবকটির হাত দুটি ধরে শেষবারের মতো সিরাজ বলেছিল—তাঁকে যেমন করে পারো ভালবেসো, তাঁকে ভালবাসার নামই মুক্তি। নীল নীলিমায় মেঘের পালক ছুঁয়ে উড়তে উড়তে আকাশ যেন বলছে—

'পবিত্রহৃদয় বন্ধুরা যখন মিলিত হয়
তাদেরও মাঝে দাঁড়িয়ে থাকো তুমি।
আছ, আছ, তুমি আছ,
ধাবমান জীবনে তুমি আত্মার আত্মা,
ওঁ তৎ সৎ ওঁ, আমার ঈশ্বর তুমি,
প্রিয় আমার, আমি তোমার, আমি তোমারি।'

স্বামী বিবেকানন্দের বিজ্ঞানভাবনা

অধ্যাপক (ডঃ) সোমনাথ ভট্টাচার্য

বিশ্বের কাছে যিনি পরিচিত মূলত একজন ধর্মীয় পুরুষরূপে, সেই স্বামী বিবেকানন্দের বিজ্ঞানবিষয়ক চিন্তাভাবনা ও কথাবার্তা আমাদের বিস্মিত করে এবং তাঁর প্রতি গভীর শ্রদ্ধার উদ্রেক করে। বস্তুত, স্বামীজীর মধ্যে জগৎ পেয়েছে মুক্ত মনের এমন এক মহাপুরুষকে, যিনি অসামান্য দক্ষতার সঙ্গে প্রাচীন ভাবধারা ও নবীন চিন্তাকে মিলিয়ে ভবিষ্যৎ পৃথিবীর জন্য এক নতুন পথ নির্মাণ করে দিয়ে গেছেন। তবে, এ সবকিছুর গভীরে কাজ করেছে তাঁর এক মৌলিক বিজ্ঞানচেতনা, যা তাঁর সত্যানুসন্ধিৎসারই অন্য নাম। বিজ্ঞানী যেমন বহির্জগতের সত্য সন্ধান করেন এবং তাকেই স্থান দেন অন্য সবকিছুর ওপর, স্বামীজীও তেমনই সন্ধান করেছেন অন্তর্জগতের সত্যকে এবং ঘোষণা করেছেন যে, সত্যের জন্য সব কিছুকেই ত্যাগ করা চলে, কিন্তু কোনও কিছুর জন্যই সত্যকে ত্যাগ করা যায় না। সেইসঙ্গে বিজ্ঞান ও ধর্মের অন্তর্গত সাদৃশ্যটিকে তিনি তুলে ধরেছেন এই অনবদ্য ভাষায় : 'বিজ্ঞান আর কিছুই নয়—একত্বের সন্ধান। যে-মুহূর্তে বিজ্ঞান সম্পূর্ণ একত্বের সন্ধান পাবে, তখনই তার আর অগ্রগতি হবে না, কারণ সে তার লক্ষ্যে পৌঁছে যাবে। এই ভাবে... পদার্থবিজ্ঞান যখন এমন একটি শক্তিকে আবিষ্কার করতে পারবে, অন্যান্য শক্তিসকল যার বিভিন্ন প্রকাশমাত্র, তখনই ঐ বিজ্ঞানের দায়িত্ব শেষ হয়ে যাবে ও তার অগ্রগতি বন্ধ হয়ে যাবে। ধর্মবিজ্ঞান সম্পূর্ণ নিখুঁত হয়ে যায় তখন, যখন সে আবিষ্কার করে সেই তাঁকে, নিয়ত পরিবর্তনশীল বিশ্বের যিনি অপরিবর্তনীয় আধার। ...ধর্ম এর বেশি আর এগোতে পারে না। সব বিজ্ঞানের লক্ষ্য এটিই। শেষ পর্যন্ত সব ধর্মই এই সিদ্ধান্তে এসে পৌঁছাতে বাধ্য।'

স্বামীজীর জীবন অনুসরণ করলে দেখা যায়, তাঁর বিজ্ঞানচেতনার উন্মেষ সেই বালক বয়সেই। আইনজীবী পিতা বিশ্বনাথ দত্তের কাছে আসা বিভিন্ন জাতের মক্কেলদের জন্য রাখা হুঁকোগুলিতে বালক বিলেকে টান দিতে দেখে বিশ্বনাথ দত্ত মহাশয় সবিস্ময়ে জিজ্ঞাসা করেন, সে কী করছে? বিলে জানায়, সে দেখছে, জাত না মানলে কী হয়! এতে বিশ্বনাথ ক্রুদ্ধ হন না; বরং হেসে বলেন, বটে রে দুষ্টু! বোঝাই যায়, পুত্রের সত্যানুরাগে—তা সে প্রথাবিরোধী হলেও—পিতার তাতে সানন্দ সম্মতি ও উৎসাহ ছিল। প্রসঙ্গত উল্লেখযোগ্য, পাশ্চাত্য জড়বিজ্ঞান ও তার বিশ্লেষণী পদ্ধতির প্রতি নরেন্দ্রনাথের প্রভূত শ্রদ্ধা ছিল। তিনি Western Medicine-এর ওপর একটি কোর্স করেছিলেন এবং স্নায়ুতন্ত্র—বিশেষ করে মস্তিষ্ক ও মেরুদণ্ডের কার্যপ্রণালী সম্বন্ধে গভীর অধ্যয়ন করেছিলেন।

পরবর্তী কালে ধর্মের সন্ধানে ঘুরতে ঘুরতে নরেন্দ্রনাথ যখন শ্রীরামকৃষ্ণের কাছে এসে সরাসরি জিজ্ঞাসা করলেন—আপনি কি ঈশ্বর দর্শন করেছেন, তখন ঠাকুর শ্রীরামকৃষ্ণও ক্রুদ্ধ হননি, প্রশ্নকর্তাকে উপেক্ষা করেননি; বরং সরাসরি বলেছেন—হ্যাঁ, দেখেছি; তোমাদের যেমন দেখছি তার থেকেও ঘনিষ্ঠরূপে দেখেছি। সন্দেহ নেই, স্বামীজীর ধর্মজীবনে বিজ্ঞানীসুলভ মানসিকতার অন্যতম উৎস তাঁর গুরু শ্রীরামকৃষ্ণ। ঠাকুরের দেহাবসানের অনেক পরে স্বামীজী নিবেদিতাকে বলেছিলেন, 'আমি আমার গুরুদেবের সঙ্গে ছ-বছর ধরে সংগ্রাম করেছি, আর তাই এই (ধর্ম)পথের প্রতিটি ইঞ্চি আমার জানা।'

বিজ্ঞানের জগতে ভারতের অপরিসীম অবদান সম্বন্ধে স্বামীজী সম্যগ্‌রূপে অবগত ও শ্রদ্ধাশীল ছিলেন। ব্রুকলিন এথিক্যাল অ্যাসোসিয়েশনে দেওয়া মার্চ, ১৮৯৫-এর এক বক্তৃতায় তিনি বলেছিলেন, 'কিংবদন্তী অনুসারে প্রাচীনতম চিকিৎসাবিদরা ছিলেন ভারতীয়, এবং স্যার উইলিয়াম হান্টারের মতে, আধুনিক চিকিৎসাশাস্ত্রেও ভারত তার অবদান রেখেছে বিভিন্ন রাসায়নিক দ্রব্য আবিষ্কারের এবং নাক-কানের রূপবিকৃতির সংশোধন-কৌশল শিক্ষাদানের মাধ্যমে। ভারত এর থেকেও বেশি কাজ করেছে গণিতের জগতে, কারণ বীজগণিত, জ্যামিতি, জ্যোতির্বিদ্যা এবং আধুনিক বিজ্ঞানের যেখানে জয়জয়কার—সেই মিশ্র গণিত (Mixed Mathematics)—এ সবই ভারতে আবিষ্কৃত। একইভাবে আধুনিক সভ্যতার ভিত্তিভূমি—গণিতের দশটি অঙ্ক (বা সংখ্যা) ভারতে আবিষ্কৃত এবং ওগুলি আসলে সংস্কৃত শব্দ।'

এসবের পাশাপাশি স্বামীজী পাশ্চাত্য বিজ্ঞান সম্বন্ধেও তাঁর সুগভীর অধিকারের পরিচয় রেখেছেন। ধর্মমহাসম্মেলনে তাঁর ঐতিহাসিক বক্তৃতার কয়েকদিন পরেই (সেপ্টেম্বর, ১৮৯৩) বিখ্যাত ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়র অধ্যাপক এলিশা গ্রে স্বামীজীর সম্মানে শিকাগোয় একটি নৈশভোজের আয়োজন করেছিলেন। সেখানে স্বামীজীর সঙ্গে স্যার উইলিয়াম থমসন (পরবর্তী কালে লর্ড কেলভিন), অধ্যাপক হারমান ভন হেমহোল্‌জ্‌ প্রমুখ প্রথিতযশা বিজ্ঞানীর পরিচয় হয়। তড়িৎবিদ্যা সম্বন্ধে স্বামীজীর গভীর জ্ঞান এবং বিজ্ঞানের অন্যান্য বিষয়ে তাঁর বুদ্ধিদীপ্ত কথাবার্তায় উপস্থিত সুধীবৃন্দ মুগ্ধ হয়ে যান।

সেকালের বিখ্যাত বিজ্ঞানী নিকোলা টেসলার সঙ্গেও স্বামীজীর পরিচয় হয়েছিল। স্বামীজী একটি চিঠিতে লিখেছিলেন, 'মিঃ টেসলা বল ও পদার্থকে স্থিতিশক্তিরই দুটি রূপ বলে গাণিতিকভাবে দেখাতে পারবেন বলে মনে করেন। আমি সামনের সপ্তাহে ওঁর কাছে গিয়ে গাণিতিক প্রমাণটি দেখে আসব।' অবশ্য, টেসলার পক্ষে তখনই ওটি প্রমাণ করা সম্ভব হয়নি। আর একটি বার্তায় স্বামীজী টেসলার কাছে যেভাবে শক্তি সংরক্ষণ ও জগতের উৎপত্তি সম্বন্ধে বইয়ের সন্ধান করেছেন এবং আলোক ও তড়িৎবিজ্ঞান সম্বন্ধে প্রশ্ন করেছেন, তা বাস্তবিক অভাবনীয় ও বিস্ময়কর।

স্বামীজী এক হাতে ধরে থেকেছিলেন ধর্মকে, আর এক হাতে বিজ্ঞানকে। তিনি দুটিরই স্বরূপ বুঝতেন ও তাই দুয়ের মেলবন্ধনের কথা বলেছেন অসামান্যভাবে। একজন বৈপ্লবিক ধর্মবিজ্ঞানীর মতো তাঁর ঘোষণা : 'ধর্মকে কি যুক্তির পথে নিজের সত্যতা প্রতিষ্ঠা করতে হবে, ঠিক যেমন অন্যান্য বিজ্ঞান করে থাকে? বিচার ও বিশ্লেষণের

যেসব পদ্ধতি আমরা বিজ্ঞান ও বহির্জগতের জ্ঞানের সম্বন্ধে ব্যবহার করে থাকি, সেগুলিকে কি ধর্মবিজ্ঞানের ওপরও প্রয়োগ করতে হবে? আমার মতে, সেটা অবশ্যই করতে হবে; আমি এটাও মনে করি যে, যত তাড়াতাড়ি তা করা যায়, ততই মঙ্গল। আর এসব পরীক্ষা-নিরীক্ষা করতে গিয়ে যদি কোনও ধর্ম ধ্বংস হয়ে যায়, তাহলে বুঝতে হবে যে, সেটি ছিল আসলে একটি অকেজো ও অযোগ্য কুসংস্কারমাত্র এবং যত তাড়াতাড়ি তা শেষ হয়ে যায়, ততই ভাল। ...এর ফলে যা কিছু মূল্যহীন, তা বিদায় নেবে—কিন্তু ধর্মের প্রকৃত অংশগুলি বিজয়ীর মতো উঠে আসবে। তখন ধর্ম যে শুধু পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা প্রভৃতির মতোই বিজ্ঞানসম্মত হয়ে উঠবে, তা-ই নয়, ওদের তুলনায় ধর্ম অধিকতর শক্তিশালীরূপে আবির্ভূত হবে, কারণ পদার্থবিদ্যা বা রসায়নশাস্ত্রের সত্যের প্রতি আলাদা করে মানুষের মনের কোনও আন্তরিক সমর্থন নেই—যা ধর্মের প্রতি আছে।' স্বামীজী আরও বলেছিলেন, '(ভবিষ্যতে) বিজ্ঞান ও ধর্ম পরস্পর মিলিত হবে ও হাত মেলাবে।'

বিজ্ঞানের পদ্ধতির প্রতি এই শ্রদ্ধা ও আকর্ষণবোধের পাশাপাশি স্বামীজী বিজ্ঞান ও প্রযুক্তিকে ভারতবর্ষের লৌকিক উন্নতির অন্যতম সহায়রূপে দেখেছেন। তিনি চেয়েছেন, ভারতে বিজ্ঞান ও প্রযুক্তির বিশেষ বিকাশ হোক, যাতে দেশের লোক স্বনির্ভর হয়ে আধুনিক বিশ্বের মুখোমুখি দাঁড়াতে পারে। এ-বিষয়ে তিনি তৎকালীন দেশীয় রাজাদের উৎসাহিত করেছেন। তাঁর আগ্রহ ও অনুপ্রেরণায় খেতড়ির রাজা অজিত সিংহ তাঁর রাজপ্রাসাদে একটি ল্যাবরেটরি স্থাপন করেছিলেন, যেখানে একটি টেলিস্কোপ ও একটি মাইক্রোস্কোপ রাখা ছিল। স্বামীজী রাজাকে ঐ যন্ত্রগুলির ব্যবহার শিখিয়েছিলেন এবং তাঁকে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা ও জ্যোতির্বিদ্যার প্রাথমিক জ্ঞান শিক্ষা দিয়েছিলেন। রাজাকে তিনি বলেছিলেন, 'দেখুন, কৃষির অগ্রগতি ঘটিয়ে আমেরিকা কীভাবে এত উন্নত হয়েছে। আমি বলছি না যে, দেশের অজ্ঞ কৃষকদের মতো করে আমাদের ঐ বৃত্তি অবলম্বন করতে হবে। আমাদের এর বিজ্ঞানটি শিখে নিয়ে কৃষির উন্নয়নে সে-জ্ঞানকে প্রয়োগ করতে হবে।'

জাপান থেকে ভ্যাঙ্কুভার যাওয়ার পথে জাহাজে স্বামীজীর সঙ্গে স্যার জামসেদজী টাটার আলাপ-পরিচয় হয়েছিল। টাটার পরিকল্পনা ছিল একটি ইস্পাত কারখানা গড়ে তোলার। স্বামীজী তাঁকে বলেছিলেন যে, উৎপাদন-প্রযুক্তি বিদেশ থেকে আমদানি করা যেতেই পারে, কিন্তু ভারতের প্রয়োজন উপযুক্তরূপে বিজ্ঞান-গবেষণার একটি কেন্দ্র গড়ে তোলার। বিশেষজ্ঞরা মনে করেন, স্বামীজীর এই উক্তিই ব্যাঙ্গালোরে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স প্রতিষ্ঠার (১৯০৯) মূল প্রেরণাস্বরূপ। প্রসঙ্গত, জাহাজে দেখা হওয়ার অনেক পরে ভারতবর্ষে বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিকল্পনা করে টাটা তার নেতৃত্ব দেওয়ার জন্য স্বামীজীকে লিখিতভাবে অনুরোধ জানান; যদিও সেটিতে সম্মত হওয়া স্বামীজীর পক্ষে নানা কারণে সম্ভব হয়নি।

বিভিন্ন চিঠিপত্রে স্বামীজী তাঁর গুরুভাই ও শিষ্যদের অনুপ্রাণিত করেছেন বিজ্ঞানবিষয়ে পড়াশোনা করতে ও যথাসম্ভব হাতে-কলমে তৎসংক্রান্ত জ্ঞান অর্জন করতে। স্বামীজী চেয়েছিলেন যে, কালে কালে বেলুড় মঠ হয়ে উঠবে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়, যেখানে দর্শন ও

ধর্মচর্চার পাশাপাশি প্রথমে একটি টেকনিক্যাল ইনস্টিটিউট গড়ে তোলা হবে এবং পরবর্তী কালে অন্যান্য বিভাগ যোগ করা হবে।

বিজ্ঞান-প্রযুক্তিবিষয়ে স্বামীজীর চিন্তাধারার সারটি ধরা আছে বিভিন্ন উপলক্ষে বলা তাঁর এই কথাগুলিতে :

'আমাদের চাই... স্বাধীনভাবে স্বদেশি বিদ্যার সঙ্গে ইংরেজি আর science পড়ানো; চাই technical education, চাই যাতে industry বাড়ে; লোকে চাকরি না করে দু-পয়সা করে খেতে পারে। ...একটু technical education পেলে লোকগুলো কিছু করে খেতে পারবে; চাকরি-চাকরি করে আর চেঁচাবে না।

'কতকগুলো অবিবাহিত graduate পাই তো জাপানে গিয়ে যাতে কারিগরি শিক্ষা পেয়ে আসে, যদি তার চেষ্টা করা হয়, তাহলে বেশ হয়।

'চাই Western Science-এর সঙ্গে বেদান্ত, আর মূলমন্ত্র—ব্রহ্মচর্য, শ্রদ্ধা আর আত্মপ্রত্যয়।'

তাঁর জন্ম-সার্ধশতবর্ষের প্রাক্-লগ্নে দাঁড়িয়ে ধর্ম ও বিজ্ঞানের সমন্বয়কারী মহান যুগসূর্য স্বামী বিবেকানন্দকে আমাদের অন্তরের প্রণতি জ্ঞাপন করি।

शिक्षार्थी विवेकानन्द

स्वामी चन्द्रकान्तानन्द

नरेन्द्रनाथ बड़े होनहार युवक थे। शारीरीक-मानसिक और बौद्धिक जो विकास उनमें हुआ था, उसका पूर्णतया आकलन करना सम्भव नहीं। उनमें विचारशीलता भी खूब रही। दर्शन और न्यायशास्त्र तो उनके प्रिय विषय रहे। इसी दर्शनशास्त्र ने उन्हें सत्य की और उन्मुख किया। पाश्चात्य दार्शनिक मिल की रचनाओं ने उनके बालपन से लालित प्रबल धार्मिक संस्कारों को ललकारा और नास्तिकता तथा सशंयवाद ने उन्हें नेश्तोनाबूद कर दिया। पर यह दशा स्थायी नहीं हुई। अन्ततोगत्वा स्पेन्सर की रचनायें उन्हें युक्तिपूर्ण मालुम हुईं और सशंयवाद को छोड़ अज्ञेयवाद की ओर झुक गये। पर यह दशा भी टिक न पाई। ब्राह्मसमाज के संस्पर्श में आने के बाद उसकी पकड़ ढीली पड़ गई और नरेन्द्र अज्ञेयवाद तथा आस्तिकवाद के द्वन्द्व में पड़ गये। उन्हानें यह निश्चय तो कर लिया कि ईश्वर साकार नहीं हो सकते। वे निराकार तथा जगत् से अछूते विश्वोत्तीर्ण एक सत्ता हैं। चूँकि वे रुप धारण नहीं कर सकते, तो वे मनुष्यरूप में अवतार बनकर भी नहीं आ सकते। निश्चय तो किया पर दृढ़ न हो सके। इसीलिये वे जिस किसी से भी मिलते, पूछ डालते—'क्या आपने ईश्वर को देखा है?' किसी से स्पष्ट उत्तर नहीं मिलता और वे अधिकतर व्याकुल होते जाते। ऐसी थी उनकी मनोदशा जब वे श्रीरामकृष्ण से मिले।

जब श्रीरामकृष्ण से मिलने आये, तो नरेन्द्रनाथ की दशा भारी तुफान में मँझधार में फँसे पतवार के समान थी। उन्होंने अपना प्रश्न दुहराया, 'क्या आपने ईश्वर को देखा है?' श्रीरामकृष्ण का

निःसन्दिग्ध उत्तर मिला, 'हाँ, मैंने ईश्वर को देखा है। जैसा तुम्हें देख रहा हूँ वैसे, पर अधिक स्पष्ट रूप से। चाहो तो तुम्हें भी दिखा सकता हूँ।' नरेन्द्र की नैया को मानो किनारा मिला। जैसे भगवान बुद्ध को बोधि प्राप्ति के बाद चार आर्य सत्य के अनुभव हुए, वेसै ही नरेन्द्र ने श्रीरामकृष्ण के इस उत्तर से चार बातें सीखी–(१) ईश्वर सत्य हैं (२) उन्हें जाना जा सकता है (३) उनको जानने के उपाय हैं (४) व्याकुलता होने पर ईश्वर के दर्शन हो सकते हैं।

स्वामीजी ने देखा कि श्रीरामकृष्ण किसी की भी निन्दा नहीं करते। उन्होंने जाना, यदि सच्चे दिल से कोई ईश्वर को चाहता है तो वह सही रास्ते पर ही है। इसीलिए भविष्य में वे कहते थे–मनुष्य असत्य से सत्य की ओर नहीं जाता, बल्कि छोटी सच्चाई से बड़ी सच्चाई की ओर जाता है। इस विषय में स्वामीजी ने श्रीरामकृष्ण का ऋण स्वीकारते हुए कहा है–'...जो बात, मैंने अपने गुरुदेव से सीखी है, वह है–विश्व के विभिन्न धर्ममत परस्पर विरोधी नहीं हैं। वे एक दूसरे के परिपूरक हैं।'

अब तक तो नरेन्द्र मानते थे कि ईश्वर की साकार प्रतिमा नहीं हो सकती। पर उनकी शिक्षा अभी भी बाकी थी। सांसारिक मुसीबतों में फँसकर अपने गुरू की शरण में गये। श्रीरामकृष्ण के आदेशानुसार प्रार्थना करने कालीमन्दिर गये और माता की प्रतिमा को जीवन्त और ज्योतिर्मय देखा। ईश्वर के चिन्मय रूप के दर्शन करके नरेन्द्र ने सीखा कि ईश्वर का सगुण-साकार रुप भी सत्य है–जो ब्रह्म हैं, वही काली हैं।

पाश्चात्य प्रभाव से नरेन्द्रनाथ ने जाना था कि ईश्वर विश्वोतीर्ण सत्ता हैं, मनुष्य उसका सेवक भर हो सकता है। पर श्रीरामकृष्ण ने तो कुछ और ही बताया। उन्होनें कहा–ईश्वर ने ही जगत् का रूप धारण किया है–यह जगत् वास्तव में ईश्वर ही हैं। आत्मा और परमात्मा वस्तुतः अभेद है। नरेन्द्र का युक्तिप्रिय मन इस बात में हजार एक छेद निकाला और श्रीरामकृष्ण की हँसी उड़ाने लगा। पर श्रीरामकृष्ण थे उत्तम आचार्य–समझाए बगैर मानते नहीं। उनके स्पर्श से नरेन्द्रनाथ को सर्वव्यापी सत्ता का अनुभव

हो गया। भला, अनुभूति से बढ़कर शिक्षक कौन? नरेन्द्रनाथ अब अद्वैतवेदान्त के सिद्धान्तों को भलीभाँति समझ गये।

उत्तम विद्यार्थी नरेन्द्र भी श्रीरामकृष्ण को परखते गये। उनकी निष्कपटता, पवित्रता और त्याग पर कभी कोई कलंक उन्हें नजर नहीं आया। इसीलिए जब श्रीरामकृष्ण को आत्मसमर्पण किया तो पूर्णरूपेण किया।

श्रीरामकृष्ण भी नरेन्द्र का गठन अपनी शिक्षा से कर रहे थे। संसार के हितार्थ उन्होंने नरेन्द्र को तैयार करना चाहा और 'शिवज्ञान से जीवसेवा' का पाठ पढ़ाया। निःसंदेह यह नरेन्द्रनाथ के जीवन की मुख्यतम घटनाओं में से है।

पर शिक्षार्थी को भी परीक्षा देनी पड़ती है। परीक्षा वह कसौटी है जिसके माध्यम से गुरु यह परखता है कि शिष्य उसकी शिक्षा कितना आत्मसात् कर पाया है। नरेन्द्रनाथ की भी परीक्षा ली श्रीरामकृष्ण ने। एकदिन नरेन्द्र को एकान्त में बुलाकर श्रीरामकृष्ण ने उन्हें अपनी सारी 'सिद्धाई' (योगविभूति) देनी चाही। नरेन्द्र ने मेधावी छात्र की तरह पूछा–'क्या इससे मुझे ईश्वरदर्शन में सुविधा होगी?' श्रीरामकृष्ण ने कहा–'नहीं, इससे तु जगत् का उपकार कर सकेगा।' नरेन्द्रनाथ ने सुन रखा था श्रीरामकृष्ण की सबसे अहम शिक्षा–'ईश्वरलाभ मनुष्यजीवन का उद्देश्य है।' वे सीधा नकार गए, कहा, 'नहीं चाहिये मुझे। जब मुझे ईश्वरलाभ होगा तब देखा जायगा।' यहाँ क्या प्रलोभन था! उपनिषद में जब यमराज ने नचिकेता को वरदान देना चाहा या याज्ञवल्क्य ने मैत्रेयी को धनसम्पत्ति देना चाहा, तो यह स्पष्ट था कि वह उनके स्वार्थसुख के लिये था, तभी तो नचिकेता कह सके–'तवैव वाहास्तव नृत्यगीते' या मैत्रेयी ने कहा–'येनाहं नामृता स्यां किमहं तेन कुर्याम्?' पर यहाँ तो लोकसेवा की आड़ में प्रलोभन आया। पर विवेकानन्द का विवेक उसे ताड़ गया। परीक्षा में खरे उतरे नरेन्द्रनाथ।

दुबारा परीक्षा देनी पड़ी। घरेलु अभाव, दरिद्रता से झुका नरेन्द्र को फिर प्रलोभित किया गया। सभी समस्या के हल के लिये श्रीरामकृष्ण ने उन्हें माँ काली से प्रार्थना

करने को कहा, 'आज माँ से जो माँगोगे, वह मिलेगा।' नरेन्द्र गये माँ काली को पास। पर उन्हें श्रीरामकृष्ण की सीख याद आयी–ईश्वर को प्रसन्न कर तुच्छ वस्तु माँगना कितनी छोटी बात है। वे कुछ माँग न सके। माँ से माँगा तो केवल ज्ञान, भक्ति, विवेक, वैराग्य और माता के नित्य अबाध दर्शन। नरेन्द्र परीक्षा में फर्स्ट क्लास फर्स्ट आए।

पर सीख अभी बाकी थी। देहान्त से कुछ दिन पहले श्रीरामकृष्ण ने उनको पूछा–'तु कया चाहता है?' नरेन्द्र ने माँगा निर्विकल्प समाधि। पर गुरु ने फटकार लगाया–'छिः, तु इतना बड़ा आधार, तेरे मुँह ऐसी बातें! सोचा था कि तु एक बड़ा बड़गद का पेड़ बनेगा जिसके छाँव में हजारों लोग आसरा लेगें और तु अपनी मुक्ति चाहता है!' श्रीरामकृष्ण ने जैसे नरेन्द्रनाथ को एक प्रत्यलेख कार्यभार (project assignment) थमा दिया जिसे उन्हें आगे पूरा करना है। स्वामी विवेकानन्द के आगे का सारा जीवन बस इसी एक कार्यभार को पूरा करने की कहानी है। उन्होंने आगे जो भी किया केवल जगत्हित के लिये–'बहुजन हिताय बहुजन सुखाय' किया। उनका यह कार्यभार तब समाप्त दुआ उन्होंने सर्वमुक्ति के सिद्धान्त को आपनाया। शिष्य शरत् चक्रवर्ती के साथ वार्तालाप में उन्होंने अपना मत जताया था–'पूरे संसार को लेकर में मुक्त होना चाहता हूँ।' विवेकानन्द सचमुच बड़गद का पेड़ बन गये। श्रीरामकृष्ण की शिक्षा समाप्त हुई। इसके साथ ही स्वामीजी के लौकिक जीवन पर पटाक्षेप हो गया। शिक्षार्थी विवेकानन्द तो परीक्षा में उत्तीर्ण हो गए, पर आचार्य विवेकानन्द का कार्य आरम्भ ही हुआ था। स्वामीजी का लोककल्याण कार्य आज भी जारी है। उन्होंने कहा था–'कभी ऐसा हो सकता है कि में इस शरीर से बाहर रहना पसन्द करूँगा, जीर्ण वस्त्र की भाँति इस शरीर को छोड़ जाऊँगा। पर में कार्य से तब तक निवृत्त नहीं होऊँगा जब तक समुचा विश्व यह जान न ले कि वह ब्रह्म से अभिन्न है।'

A Seller of Tonic

Nileen Putatunda

On the back cover of Volume I of *The Life of Swami Vivekananda* By His Eastern and Western Disciples, published by Advaita Ashrama is a note by Sister Christine : 'Now and then, at long intervals of time, a being finds his way to this planet who is unquestionably a wanderer from another sphere; who brings with him to this sorrowful world some of the glory, the power, the radiance of the far distant region from which he came... . Such a being is beyond all comparison, for he transcends all ordinary standards and ideals. Others may be brilliant, his mind is luminous....Others may be great, they are great only as compared with those in their own class. Others may be good, powerful, gifted, having more of goodness, more of power, more of genius than their fellowmen. It is only a matter of comparison....But with Swami Vivekananda, there could be no comparison. He was in a class by himself. He belonged to another order. He was not of this world. He was a radiant being who had descended from another, a higher sphere for a definite purpose. One might have known that he would not stay long.'

This radiant being who had descended from another sphere came into my life rather late. When I was an adolescent and life was being hard, I chanced upon a very old copy of *Thus Spake Vivekananda* published by Ramakrishna Math, Mylapore, Madras, in my home. This little book containing quotations served as a tonic for my body, mind and soul. Every time I felt low I would read lines from this book and I would be revived. Now, many years after adolescence (I am almost 33 years old), I still have that copy of the old book. It is a precious reminder of the role of Swamiji in my turbulent teens. I was not so lucky then to know of the Vivekananda Study Circle (Junior) which has been running beautifully in the Ramakrishna Mission Institute of Culture for some time now. I don't know if the Vivekananda Study Circle (Junior) existed when I was an adolescent. When I see the beautiful

children who participate so sincerely in the activities of the Vivekananda Study Circle (Junior), I feel envy in some sense that I did not have this opportunity when I was growing up. I only wish that many more children today come forward to benefit from this wonderful service of the Ramakrishna Mission Institute of Culture.

When I think of Swamiji now, among the first things that strike me is his wandering around India. As a wandering monk, he traversed the length and breadth of India. One day would find him strolling in the gardens of some prince, or driving with him in his carriage; the next, perhaps alone and afoot on the dusty road making for some poor devotee's house. Thus he got to know the soul of the soil of his motherland. In December 1892, Swamiji reached Kanyakumari, the southern extremity of India, the meeting-place of three seas and a place of pilgrimage for Hindus. 'Kanyakumari' means virgin girl. The famous temple there is dedicated to the Divine Mother manifest as a virgin girl. Eager as a child is to be back with its mother, so was Swamiji to see the Mother in the seashore temple. Reaching the shrine, he fell prostrate in ecstasy before Her image.

Some two furlongs (one furlong is approximately 220 yards) out in the ocean from the tip of the mainland where the Mother's temple is, are two rocks, known for the last few decades as the Vivekananda Rocks. According to the Puranas, the larger and farther of these two is the one that has been sanctified by the blessed feet (*Shripada*) of the Divine Mother; for it was here that, as Devi Kanya, She did *tapasyā* (disciplines and austerities) to win the hand of the Great God, Shiva. Hence the rock has long been considered by *Shāktas* a place highly favourable for spiritual practices. After worshipping the Mother in the temple, it was this holy rock that Swamiji wanted to go to for meditation. But sadly he had not a single pie for the boatman. Without more ado, he plunged into those shark-infested waters and swam across. There, sitting on the last stone of India, he passed into a deep meditation on the present and future of his country.

Swamiji sought for the root of India's downfall. With the vision of a seer, he understood why India had been thrown from the zenith of glory to the depths of degradation. Swamiji saw that renunciation and service must be the twin ideals of India. If the national life could be intensified in these channels, everything else would be

taken care of. He then decided to go to America in the name of India's millions. There he would earn money by the power of his brain. Returning to India, he would devote himself to the regeneration of his countrymen – or die in the attempt. His life was consecrated to the service of India, particularly to the service of her outcast *Nārāyanas*, her starving *Nārāyanas*, her millions of oppressed *Nārāyanas*. To him, in this hour, even the direct experience of Brahman in the *Nirvikalpa Samādhi*, and the bliss attending it, became subservient to the overwhelming desire to give himself utterly for the good of the Indian people.

Swamiji meditated on the rock at Kanyakumari for three days, it would seem. This view is supported by the evidences of two eye-witnesses. Today, almost 120 years later, his creation, the Ramakrishna Mission, is operating actively all over India along with 19 other countries. As the four-year-long celebration of the 150th birth anniversary of Swami Vivekananda is well under way, I pray that as a humble devotee of Swamiji, he selects me as a salesman for his all-powerful tonic so that many many lost and weak souls all across the world can be revived through his life and message.

References

1. *The Life of Swami Vivekananda* By His Eastern and Western Disciples, Volume I, Advaita Ashrama, Kolkata, 2008
2. *Thus Spake Vivekananda*, Ramakrishna Math, Mylapore

Education and Swami Vivekananda

Professor (Dr) Radharaman Chakrabarti

These days we come across an education scenario that baffles the discerning. Whether it is the purpose or the planning, motivation or implementation, we seem to be running fast, only to stand at the same place. If an opinion poll is taken, nearly 99% of the respondents of any age group and any socio-economic background, would predictably register their dissatisfaction about what is going on. Yet a majority would be hard to put forward a satisfactory solution.

Two 'explosions' are held responsible for this quandary. One is demographic arising from population explosion. India now has almost three times the population of the country during the British rule a century back. In West Bengal (Paschim Banga) itself the number of candidates taking the school-leaving examination at secondary level this year exceeded 10 lakhs. We all know that many lakhs could not even reach this stage. They either got eliminated or chose to be drop outs. Perhaps that saved much headache for those who are running the system. They are scared by the number and they invariably seek various ways to *eliminate*, *not evaluate* the learners. The worry is not about the expansion of student population but the mismatch between opportunities at higher levels and the *potential* success rate of students. Even for the survivors who could not be eliminated, the amenities provided are just a poor minimum. That also includes teacher–student relationship that is at best mechanical, sometimes pathetic too.

The other explosion that complicates the problem (though it should not) is what is called knowledge explosion. It is not only the subjects that proliferate but the quantum of addition to existing knowledge is also getting inflated at an exponential rate. Of course, there can be no regret that mankind on the whole are gaining greater and greater knowledge. The question is : how best is it to incorporate the new knowledge in the conventional frame of curriculum,

teaching and evaluation? Heavier subject load, thicker books, thinner hours of teaching and too frequent examinations get us simply nowhere. As learning becomes a dull experience and approach of examinations sends a scary sensation into the young mind, we end up by killing the very spirit of education.

Without further dilating on the matter and adding to the pervading gloom, let us look for some relief and a light at the end of the tunnel.To that end Swami Vivekananda's thoughts on education need just to be recalled and ingested as much as possible to dispel the prevailing despair.

Swamiji's ideas on education can be summed up in two or three simple propositions, though each needs to be carefully understood. First of all, one must make a choice between quantum learning and quality learning i.e. how much and then how best we are to learn things that need to be learned. He wanted us to understand clearly the difference between rote learning and real learning. The reason why the educators are under heavy strain today is that they insist on the former and define success by the ability to cram. If facts are all that the learners have to access and download, what is the point for them coming to the class rooms? Books and now the internet are more than sufficient. Did not Swamiji say : 'Education is not filling the mind with a lot of facts...(it) is not the amount of information that is put into your brain and runs riot there, undigested, all your life.' (*Complete Works of Swami Vivekananda*, Advaita Ashrama, Vol. III, p. 302) Evidently the onus lies on teachers. Quality education comes from their ability and willingness to do two things — make the student think, analyse, challenge, find meanings and discover relevance to life in respect of what is there in the text book. Of course, certain basic things have to be memorized but there can be no justification for imposing an overload – a sin that the teaching community, the syllabus makers, the policy planners must avoid by all means. Would it matter if that hurts the commercially oriented interest groups in the academic world? Do the toppers feel proud that they owe their success to the spoon-feeding of a dozen or so private tutors each?

The ideas of Swamiji also have to be followed to avoid the unnecessary worry about numbers. He would certainly be the first to raise a loud protest against all the devices of elimination indiscriminately used only to maintain the system. He wanted everyone, especially women and the backward and the poor, to be given

special opportunities of education. Selection (not elimination) would be relevant when it comes to offering a job, a merit scholarship or any material advantage for which there has to be a free and fair competition. No argument, however, would hold water if the objective is to deny education on any pretext. If a society is to be inclusive and not an exclusionist, if it is interested truly in HRD (Human Resource Development) and R & D (Research and Development) — the two essential ingredients of progress, everything has to be provided, every investible rupee has to be allocated first for the health of the body and for the health of the mind. Physical wellness and intellectual excellence are the most important indices of human development. Extremely backward, exploited and misguided that India of his time was, she made Swamiji seriously worry about the way out. He was particularly provoked while travelling abroad when he saw how the common Europeans and the Americans were confidently and merrily dealing with the problems of their lives. And he found the answer in the universal education that empowered them beyond measure. Today's India boasts of having *brought down* illiteracy rate to some 33% - what about *pushing up* the post-literates? Why not evening schools in every locality? India is showcasing its higher achievements in higher education by setting up nearly 400 universities and numerous colleges of various descriptions. What about producing talent? How many original devices or products come out of state-funded research centres? Pouring money does not beget excellence, far less inspire creativity. What is lacking is involvement; what is avoided is accountability; what is indulged in is superficiality. Next, party politics and market economics combine to aggravate these self-deceiving tendencies. All this because the moral fibre of the nation has steadily weakened, in fact it is already snapping at many levels.

Did not Swamiji tell us in clear terms that '*it is man-making education all round* that we want'? Are we not repeating so often his classic formula 'we want that education by which *character is formed*, strength of mind is increased, the intellect is expanded, and by which one can *stand on one's own feet*.' (*Complete Works*, Vol. V, p. 342) (also in Vol. VII, pp. 147-48) In fact that is all that the voluminous reports of our several Education Commissions talk about — lamentably to a very insignificant effect.

What then needs to be done? Each learned person (not the money seeking professionals) should voluntarily educate young minds in small local groups. Method of delivery will have to be very simple, informal and attractive. No oneway teaching but free interaction – arousing and inducing querries, encouraging doubts and criticisms about the conventional and sharing the best human values found in every other community. One would only wish a proliferation of such privately run learning societies — for which the Vivekananda Study Circle can eminently be considered as the model. One can also supplement the efforts by Tagore's ideas about 'learning with the Nature' and also Gandhiji's methods of '*Nayee Talim*'. The '*gurukul*' system cannot be replicated in the modern age. That cannot be an argument for the 'Guru' to fade out of existence. Let teachers try to be *āchāryas* (men of exemplary conduct). Let parents act as the earnest points of transmission of values at home. Let learners be demanding of knowledge and skill formation. How else can we pay our much over due tribute to Swamiji in this 150th year of his holy advent?

The Ideal for the Young

Swami Sunirmalananda

Everyone wants freedom, but the young crave for it the most. Any little intervention, a little strong word of advice, and the youth think that elders are dominating. Since their childhood, the youth yearn to be free from parental control—to play without limit, to jump and run about always. Children are angry when they are told what they should do and what they should not. Children dislike parents' interference in their little activities. And they grow up. In schools and colleges, children love to be free like the birds. They do not appreciate authoritarian control, being tied down to routine, pep talks, advice, observation etc. When they grow up, their desire for freedom is more pronounced. Not only do the youth want liberty in life, but they want liberty to change the world also. Later, in the workplace, they dislike bossism as it's called. Every intrusion is considered oppressive. In social life, they hate politicians who are not according to what the youth think they should be.

Suppose the young ones are given the 'freedom' and 'liberty' they want. What would they do? Would they sit quietly in their rooms, study and pass exams? Perhaps not. They would rush out, eat, drink, dress, enjoy, and travel as they wish. This is the ambition of freedom-lovers. All this will go on for some days. And then? Within a short time they are in troubles. The youth's ideal of freedom and liberty is the freedom a hero is seen to have in some movie. The young wish to imitate him or her; that is their dream. But they are just imaginations. So the youth should be careful. The truth of this can especially be seen in the West, where the question of freedom is predominant. Parents lose control over their offspring very early in life. So one is astounded to see the number of young men and women overusing drinks, drugs etc, and entering asylums or consulting psychiatrists. The so-called freedom takes its effect very soon. This is about the young. The grown-ups who seek freedom are no better. Given the

freedom they want, they can drown themselves, their families and the institutions they work for.

The simplest example of the love is in the day-to-day life of an individual in today's culture. All crave for the weekend. Come Saturday, and there is planning and preparation for the next day. However, it was Eric Fromm who suggested that everything we do is routine: even the Sunday visit to the park or the theatre, which is considered out-of-routine adventure, is routine. There's virtually nothing which is not routine. 'This Universe is only a little circle. What is there to desire in it?'[1] asks Swamiji.

Thus, in the name of freedom and liberty, what the young do is nothing new. It's all the same—going where their eyes and ears lead them; doing what the mind drags them to do. The eyes and ears are the prominent sense organs, and the mind is called the sixth sense organ. Therefore what they call freedom is only slavery to sense organs. All the endless struggle for liberty is to be slaves! Further, what is done 'using the power of freedom' is only to attract attention of others or to gain something. So what is the end of this freedom 'struggle'? Fighting for liberty, gaining it and under its spell, imitating some hero, following the senses blindly, and entrenching their lives at the hands of someone or some temporary thing—this is the story of freedom. Struggle for freedom is struggle to be slaves.

Several movements have come and gone in the West—sweeping thousands of 'freedom' aspirants into their fold like gusts of wind sweeping up dry leaves, only to drop them down, broken or dead. The hippie movement in the 70s is an example. There are still people who are trying hard to wipe away the accumulated dust and dirt of the fall caused by this tempest. If we don't learn lessons from history, history repeats itself.

What do we learn from the past? We learn that seeking absolute freedom and liberty to do whatever we like is not correct—especially now, when ethical and moral ideals are changing the world over. When the plant is young, it should never protest the fence around it, and should not say that the cow or the goat is its dearest friend. We are living in a strange planet—this earth is a strange place for us. Here everything appears to go wrong finally—every river flows into the ocean. Everything ends in death. The best things die in the end. So we should be careful to save ourselves from disaster. We should not flow with the

current but swim against it. It is not necessary to burn every hand on earth to learn that fire burns; one hand burnt is enough to teach everyone else. That's the reason why we should listen to what those who have lived here longer than us have to say.

So the young need training and some discipline in life. They need elderly guidance. At the individual level, they have the family. Mother is the best teacher. Since ages, she has remained unchanged—she never thought her child was a stranger to her even though the world changed so much. Her love for the child has remained undiminished always and she wants the best for the offspring. If she says something, it's for one's good. Next comes the father, and then the teacher. May-be the present-day world and its struggles have changed some teachers, but generally they do not give wrong guidance. So children have to listen to elders while they are still growing. These elders not only guide through words but through actions also. Children hear through their eyes, as they say. To children, their parents and other family members are the ideals. The elders appear grand to them and they wish to become like them. And thus they grow.

It's when children are on the threshold of youth that various external forces try to capture their imagination. They open their eyes to see the world around, as it were. Today's world is not very vast—sitting in one's room one sees what's happening in some other corner of the globe. Thus they begin to seek newer ideals. This is where they begin to face problems too. The greatest 'teacher' now are the media: print and electronic. They deify stars from the movie, sport and other fields. Further, something else happens. Day after day, for hours at a stretch, the young are shown glitter, which is just litter, and are brainwashed to *want* them. They are brainwashed and conditioned to think that the best stars of the times are stars because they use such things. So they too should use them. Thus an inseparable connection between the idols and the things they use is created in the young minds. Millions of youth are made to feel that if they don't follow such stars, they are nobodies. To follow them, the young should do what they do, wear what they wear. It's the opening chapter of the book on slavery. Blind following of stars begins in this way. And thus, individuality is lost. Freedom is lost.

It is in the nature of living beings to follow, to be led. With human beings, it is a predominant quality—we wish to be led by some one. Swami Vivekananda puts it rather strongly:

'Men who have brains to think for themselves are few, everywhere. These few men with brains are the real leaders in everything and in every department of work; the majority are guided by them as with a string, and that is good, for everything goes all right when they follow in the footsteps of these leaders. Those are only fools who think themselves too high to bend their heads to anyone, and they bring on their own ruin by acting on their own judgment.'[2]

So people seek idols and imitate them. This is not a new phenomenon and since ancient times human beings have followed someone powerful. People have always sought heroes. If there are none, they have created heroes. Amongst the heroes that the world has followed in the past were kings, priests and chieftains. Kings were not always essentially good. There were terrible and ruthless kings, but the world has followed them out of fear. There was no concept of democracy. If at all democracy was practised, it was practised in very rare periods of history, for a very short time.

Coming to recent times, the world had a lot of experience with dictators. One should see how Germans behaved under Hitler, how they followed him and brought misery to the world. So the worst types of political heroes are dictators, who force themselves to be idols of the masses. However, when their time is up, not only are they hanged, but the numerous images they put of themselves in different places are broken, and anything related to them is destroyed. The same frenzy that makes them also breaks them. Political leaders are somewhat better. They capture the imagination of the masses by promising goods, freedom, self-rule, prosperity and so on. Gradually, however, they too fade away. Then there are the sports and movie stars. There are instances in India where the movie star has been divinized—made a god and worshipped.

Next come a higher level of leadership. There are exemplary men and women, whose qualities can definitely be emulated. The main point to note is if they are selfish or not: those who live for others are great ones. There are some political leaders, personalities in the fields of sport, movie, the arts and others, who have lived extraordinary lives of sacrifice and service to the nation. Then there are idols in social service, arts, literature. These leaders have a more lasting effect on the masses. They have their imperfections too, but we tend to

overlook them. However, somehow nobody seems to satisfy us completely—no ideal seems to be to our liking from start to finish. 'A leader is born. Do you understand? And it is a very difficult task to take on the role of a leader. One must be a servant of servants, and must accommodate a thousand minds. There must not be a shade of jealousy or selfishness, then you are a leader. First, by birth, and secondly, unselfish — that's a leader.'[3]

